

সেট ও ফাংশন

অনুশীলনী-১.১

অনুশীলনীটি পড়ে যা জানতে পারবে—

১. সার্বিক সেট, উপসেট, পূরক সেট ও শক্তি সেট গঠন
২. বিভিন্ন সেটের সংযোগ, ছেদ ও অন্তর নির্ণয়
৩. সেট প্রক্রিয়ার ধর্মাবলির যৌক্তিক প্রমাণ
৪. সমতুল সেট-ও এর মাধ্যমে অসীম সেটের ধারণার ব্যাখ্যা
৫. শক্তি সেট নির্ণয় ও ডেনচিট্রের উদাহরণের ব্যাখ্যা
৬. সেট প্রক্রিয়া প্রয়োগ করে জীবনভিত্তিক সমস্যার সমাধান

জার্মান গণিতবিদ জর্জ ক্যান্টর
(Georg Cantor, 1845–1918)
আধুনিক সেট তত্ত্বের জনক।
অসীম সেটের বিভিন্ন আকার
থাকতে পারে তা তিনি স্বীকৃতি
দেন। সকল বাস্তব সংখ্যাকে
প্রকাশ করার বর্তমানে ব্যবহৃত
প্রতীক তিনিই আবিষ্কার করেন।



২৮টি অনুশীলনীয় প্রশ্ন।

১৪১টি বহুনির্বাচনি প্রশ্ন ■ ৪৭টি সাধারণ বহুনির্বাচনি ■ ৩৫টি বহুপদী সমাপ্তিসূচক ■ ৫৯টি অল্প তথ্যভিত্তিক
২৮টি সৃজনশীল প্রশ্ন ■ ২টি অনুশীলনী ■ ১৩টি শ্রেণির কাজ ■ ৫টি মাস্টার ট্রেইনার প্রবীত ■ ৮টি প্রশ্নব্যাংক



অনুশীলনীর সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

১. i. কোনো সেটের সদস্য সংখ্যা $2n$ হলে, এর উপসেটের সংখ্যা হবে 4^n

ii. সকল মূলদ সংখ্যার সেট $Q = \left\{ \frac{p}{q} : p, q \in \mathbb{Z}, q \neq 0 \right\}$

iii. $a, b \in \mathbb{R};]a, b[= \{x : x \in \mathbb{R} \text{ এবং } a < x < b\}$

উপরের তথ্যের আলোকে নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

- ❏ ব্যাখ্যা: (i) সঠিক। কারণ উপসেটের সংখ্যা হবে $2^{2^n} = (2^2)^n = 4^n$ ।
নিচের তথ্যের আলোকে (২-৪) নং প্রশ্নের উত্তর দাও :
প্রত্যেক $n \in \mathbb{N}$ এর জন্য $A_n = \{n, 2n, 3n, \dots\}$

২. $A_1 \cap A_2$ এর মান নিচের কোনটি?

- ক. A_1 খ. A_2
গ. A_3 ঘ. A_4

- ❏ ব্যাখ্যা: $A_1 = \{1, 2, 3, 4, \dots\}$, $A_2 = \{2, 4, 6, \dots\}$

$\therefore A_1 \cap A_2 = \{2, 4, 6, \dots\} = A_2$

৩. নিচের কোনটি $A_3 \cap A_6$ এর মান নির্দেশ করে?

- ক. A_2 খ. A_3
গ. A_4 ঘ. A_6

- ❏ ব্যাখ্যা: $A_3 = \{3, 6, 9, 12, \dots\}$
 $A_6 = \{6, 12, 18, \dots\}$

$\therefore A_3 \cap A_6 = \{6, 12, \dots\} = A_6$

৪. $A_2 \cap A_3$ এর পরিবর্তে নিচের কোনটি লেখা যায়?

- ক. A_3 খ. A_4
গ. A_2 ঘ. A_6

- ❏ ব্যাখ্যা: কারণ $A_2 = \{2, 4, 6, 8, 10, 12, \dots\}$

$A_3 = \{3, 6, 9, 12, \dots\}$
 $\therefore A_2 \cap A_3 = \{6, 12, \dots\} = A_6$



অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

৫. দেওয়া আছে $U = \{x : 3 \leq x \leq 20, x \in \mathbb{Z}\}$,
 $A = \{x : x \text{ বিজোড় সংখ্যা}\}$ এবং $B = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$
নিম্নের সেটের উপাদানগুলোর তালিকা লিপিবদ্ধ কর :
(a) A এবং B (b) $C = \{x : x \in A \text{ এবং } x \in B\}$ এবং
 $D = \{x : x \in A \text{ অথবা } x \in B\}$
সেট C এবং D এর বর্ণনা দাও।

সমাধান : দেওয়া আছে,

$$U = \{x : 3 \leq x \leq 20, x \in \mathbb{Z}\} \\ = \{3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, 14, 15, 16, 17, 18, 19, 20\}$$

- (a) $A = \{x : x \text{ বিজোড় সংখ্যা}\}$
 $\therefore A = \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\}$
 $B = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$
 $= \{3, 5, 7, 11, 13, 17, 19\}$

- (b) $C = \{x : x \in A \text{ এবং } x \in B\}$
 $= \{x : x \in A \cap B\}$

এখন, $A \cap B = \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\} \cap \{3, 5, 7, 11, 13, 17, 19\}$
 $= \{3, 5, 7, 11, 13, 17, 19\}$
 $= \{x : x \text{ মৌলিক সংখ্যা এবং } x \leq 20\}$

$\therefore C = \{3, 5, 7, 11, 13, 17, 19\}$

C এর বর্ণনা : ২০ পর্যন্ত বিজোড় মৌলিক সংখ্যার সেট

$D = \{x : x \in A \text{ অথবা } x \in B\} = \{x : x \in A \cup B\}$


এখন, $A \cup B = \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\} \cup \{3, 5, 7, 11, 13, 17, 19\}$
 $= \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\}$

$\therefore D = \{3, 5, 7, 9, 11, 13, 15, 17, 19\}$

$= \{x : x \text{ বিজোড় সংখ্যা এবং } 3 \leq x \leq 20\}$

D এর বর্ণনা : ৩ হতে ২০ পর্যন্ত বিজোড় সংখ্যার সেট।

৬. ভেনচিত্রে A এবং B সেটের উপাদানগুলো দেখানো হয়েছে। যদি $n(A) = n(B)$ হয়, তবে নির্ণয় কর (a) x এর মান (b) $n(A \cup B)$ এবং $n(A \cap B')$.



সমাধান:

(a) ভেনচিত্র থেকে পাই, $n(A) = 3x + x$
 $n(B) = x + 2x + 8$

প্রশ্নানুসারে, $n(A) = n(B)$

$$\Rightarrow 3x + x = x + 2x + 8$$

$$\Rightarrow 4x - 3x = 8$$

$$\therefore x = 8 \text{ (Ans.)}$$

(b) ভেনচিত্র থেকে পাই,

$$n(A \cup B) = 3x + x + 2x + 8$$

$$= 6x + 8$$

$$= 6 \times 8 + 8 \quad [\because x = 8]$$

$$= 48 + 8$$

$$= 56$$

$$n(A \cup B) = 56 \text{ (Ans.)}$$

$$\text{এবং } n(A \cap B') = 3x$$

$$= 3 \times 8 \quad [\because x = 8]$$

$$= 24 \text{ (Ans.)}$$

৭. ভেনচিত্রে A এবং B সেটের প্রত্যেকের উপাদানগুলো দেখানো হয়েছে। $n(A' \cap B')$ নির্ণয় কর।

(a) x এর মান (b) $n(A)$ এবং $n(B)$

সমাধান:

(a) ভেনচিত্র থেকে পাই,

$$\therefore A' \cap B' = \phi$$

$$\therefore n(A' \cap B') = 0$$

৬নং প্রশ্নের ভেনচিত্র থেকে পাই, $n(A) = 3x + x$
 $n(B) = x + 2x + 8$

$$\therefore n(A) = n(B) \text{ [৬নং প্রশ্নের শর্ত থেকে]}$$

$$\Rightarrow 3x + x = x + 2x + 8$$

$$\Rightarrow 4x - 3x = 8$$

$$\therefore x = 8 \text{ (Ans.)}$$

[বি. দ্র. ৬ নং প্রশ্নের ভেনচিত্র ব্যবহার করা হয়েছে এবং পাঠ্যবইয়ে উত্তর ভুল আছে।]

(b) ভেনচিত্র থেকে পাই, $n(A) = 3x + x$

$$= 4x$$

$$\text{এবং } n(B) = x + 2x + 8$$

$$= 3x + 8$$

(a) হতে পাই, $x = 8$

$$\therefore n(A) = 4 \times 8 = 32$$

$$n(B) = 3 \times 8 + 8$$

$$= 24 + 8$$

$$= 32$$

$$\text{Ans. } 32, 32$$

[বি. দ্র. ৬ নং প্রশ্নের ভেনচিত্র ব্যবহার করা হয়েছে এবং পাঠ্যবইয়ে উত্তর ভুল আছে।]

৮. $U = \{x : x \text{ ধনাত্মক পূর্ণসংখ্যা}\}$, $A = \{x : x \geq 5\}$

এবং $B = \{x : x < 12\}$ তবে $n(A \cap B)$ এবং $n(A')$ এর মান নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে,

$$U = \{x : x \text{ ধনাত্মক পূর্ণসংখ্যা}\}$$

$$= \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, \dots\}$$

$$A = \{x : x \geq 5\} = \{5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, \dots\}$$

$$B = \{x : x < 12\} = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11\}$$

$$\therefore A \cap B = \{5, 6, 7, 8, 9, 10, 11, \dots\} \cap \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11\}$$

$$= \{5, 6, 7, 8, 9, 10, 11\}$$

$$\text{এবং } A' = U - A$$

$$= \{1, 2, 3, 4, 5, 6, \dots\} - \{5, 6, 7, 8, 9, \dots\}$$

$$= \{1, 2, 3, 4\}$$

$$\therefore n(A \cap B) = 7 \text{ এবং } n(A') = 4$$

$$\text{Ans. } 7, 4$$

৯. যদি $U = \{x : x \text{ জোড় পূর্ণসংখ্যা}\}$, $A = \{x : 3x \geq 25\}$ এবং $B = \{x : 5x < 12\}$ হয়, তাহলে $n(A \cap B)$ এবং $n(A' \cap B')$ এর মান নির্ণয় কর।

সমাধান: $U = \{x : x \text{ জোড় পূর্ণসংখ্যা}\}$

$$= \{\dots, -4, -2, 0, 2, 4, 6, 8, 10, 12, 14, \dots\}$$

$$A = \{x : 3x \geq 25\} = \{10, 12, 14, \dots\}$$

$$B = \{x : 5x < 12\} = \{\dots, -4, -2, 0, 2\}$$

$$\text{এখানে, } A \cap B = \{10, 12, \dots\} \cap \{\dots, -4, -2, 0, 2\}$$

$$= \phi$$

$$\therefore n(A \cap B) = 0$$

$$\text{আবার, } A' = U - A$$

$$= \{\dots, -4, -2, 0, 2, 4, 6, 8, 10, 12, \dots\} - \{10, 12, 14, \dots\}$$

$$= \{\dots, -4, -2, 0, 2, 4, 6, 8\}$$

$$B' = U - B$$

$$= \{\dots, -4, -2, 0, 2, 4, 6, 8, \dots\} - \{\dots, -4, -2, 0, 2\}$$

$$= \{4, 6, 8, 10, \dots\}$$

$$\therefore A' \cap B' = \{\dots, -4, -2, 0, 2, 4, 6, 8\} \cap \{4, 6, 8, 10, \dots\}$$

$$= \{4, 6, 8\}$$

$$\therefore n(A' \cap B') = 3$$

$$\text{Ans. } n(A \cap B) = 0 \text{ এবং } n(A' \cap B') = 3$$

১০. দেখাও যে, (ক) $A \setminus A = \phi$; (খ) $A \setminus (A \setminus A) = A$

সমাধান: (ক) ধরি, $x \in A \setminus A$

তাহলে, $x \in A$ এবং $x \notin A$

$$\Rightarrow x \in (A \cap A')$$

$$\Rightarrow x \in \phi$$

$$\therefore A \setminus A \subset \phi$$

$$\text{আবার, } \phi \subset A \setminus A$$

সুতরাং $A \setminus A = \phi$ (দেখানো হলো)

(খ) ধরি, $x \in A \setminus (A \setminus A)$

তাহলে, $x \in A$ এবং $x \notin A \setminus A$

$$\Rightarrow x \in A \text{ এবং } x \notin \phi [\because A \setminus A = \phi]$$

$$\Rightarrow x \in A$$

$$\therefore A \setminus (A \setminus A) \subset A$$

$$\text{আবার ধরি, } x \in A$$

তাহলে, $x \in A$ এবং $x \notin \phi$

$$\Rightarrow x \in A \text{ এবং } x \notin (A \setminus A)$$

$$\Rightarrow x \in A \setminus (A \setminus A)$$

$$\therefore A \subset A \setminus (A \setminus A)$$

সুতরাং, $A \setminus (A \setminus A) = A$ (দেখানো হলো)

১১. দেখাও যে, $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$


সমাধান: সংজ্ঞানুসারে, $A \times (B \cup C)$
 $= \{(x, y) : x \in A, y \in (B \cup C)\}$
 $= \{(x, y) : x \in A, (y \in B \text{ অথবা } y \in C)\}$
 $= \{(x, y) : (x \in A, y \in B) \text{ অথবা } (x \in A, y \in C)\}$
 $= \{(x, y) : (x, y) \in (A \times B) \text{ অথবা } (x, y) \in (A \times C)\}$
 $= \{(x, y) : (x, y) \in (A \times B) \cup (A \times C)\}$
 $= (A \times B) \cup (A \times C)$
 $\therefore A \times (B \cup C) \subset (A \times B) \cup (A \times C)$
 আবার, $(A \times B) \cup (A \times C)$
 $= \{(x, y) : (x, y) \in A \times B \text{ অথবা } (x, y) \in A \times C\}$
 $= \{(x, y) : x \in A, y \in B \text{ অথবা } x \in A, y \in C\}$
 $= \{(x, y) : x \in A, y \in B \text{ অথবা } y \in C\}$
 $= \{(x, y) : x \in A, y \in (B \cup C)\}$
 $= \{(x, y) : (x, y) \in A \times (B \cup C)\}$
 $\therefore (A \times B) \cup (A \times C) \subset A \times (B \cup C)$
 সুতরাং $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$ (দেখানো হলো)

১২. যদি $A \subset B$ এবং $C \subset D$ হয়, তবে দেখাও যে,

$(A \times C) \subset (B \times D)$
 সমাধান: ধরি, $(x, y) \in (A \times C)$
 তাহলে, $x \in A, y \in C$
 $\Rightarrow x \in B, y \in D$ [$\because A \subset B$ এবং $C \subset D$]
 $\Rightarrow (x, y) \in (B \times D)$
 $\therefore (A \times C) \subset (B \times D)$ (দেখানো হলো)

১৩. দেখাও যে, $A = \{1, 2, 3, \dots, n\}$ এবং $B = \{1, 2, 2^2, \dots, 2^{n-1}\}$ সেট দুইটি সমতুল্য।


সমাধান: দেওয়া আছে, $A = \{1, 2, 3, \dots, n\}$
 এবং $B = \{1, 2, 2^2, \dots, 2^{n-1}\}$
 A ও B সেটদ্বয়ের মধ্যে একটি এক-এক মিল নিয়ে দেখানো হলো:



সুতরাং সেটদ্বয় সমতুল্য। (দেখানো হলো)
 [বি.দ্র. সেটদ্বয়ের এই মিলনকে $A \leftrightarrow B: k \leftrightarrow 2^{k-1}, k \in A$ দ্বারা বর্ণনা করা যায়।]

১৪. দেখাও যে, স্বাভাবিক সংখ্যাসমূহের বর্গের সেট $S = \{1, 4, 9, 16, 25, 36, \dots\}$ একটি অনন্ত সেট।

সমাধান: দেওয়া আছে, $S = \{1, 4, 9, 16, 25, 36, \dots\}$
 $= \{1^2, 2^2, 3^2, 4^2, 5^2, 6^2, \dots, n^2, \dots\}$
 স্বাভাবিক সংখ্যার সেট $N = \{1, 2, 3, \dots, n, \dots\}$
 এখন আমরা N ও S এর মধ্যে একটি এক-এক মিল নিম্নোক্তভাবে দেখাতে পারি,



সুতরাং N ও S সমতুল্য। যেহেতু স্বাভাবিক সংখ্যার সেট, N একটি অনন্ত সেট।
 সুতরাং আমরা বলতে পারি, S সেটটি একটি অনন্ত সেট।
 (দেখানো হলো)

১৫. প্রমাণ কর যে, $n(A) = p, n(B) = q$ এবং $A \cap B = \emptyset$ হলে,
 $n(A \cup B) = p + q$.
 সমাধান: আমরা জানি, যে কোনো সান্ত সেট A ও B এর জন্য
 $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$
 এখানে, $n(A) = p, n(B) = q$ এবং $A \cap B = \emptyset$
 $\therefore n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$
 $= p + q - n(\emptyset)$ [$\because A \cap B = \emptyset$]
 $= p + q$ [$\because n(\emptyset) = 0$]
 $\therefore n(A \cup B) = p + q$ (প্রমাণিত)

১৬. প্রমাণ কর যে, A, B, C সান্ত সেট হলে,
 $n(A \cup B \cup C) = n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(B \cap C) - n(C \cap A) + n(A \cap B \cap C)$.
 সমাধান: আমরা জানি, যে কোনো সান্ত সেট A ও B এর জন্য
 $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$
 এখন, $n(A \cup B \cup C) = n[A \cup (B \cup C)]$
 $[\because A \cup B \cup C = A \cup (B \cup C), \text{ সহযোজন নিয়ম}]$
 $= n(A) + n(B \cup C) - n[A \cap (B \cup C)]$
 $= n(A) + n(B) + n(C) - n(B \cap C) - n[(A \cap B) \cup (A \cap C)]$
 $[\because A \cap (B \cup C) = (A \cap B) \cup (A \cap C)]$
 $= n(A) + n(B) + n(C) - n(B \cap C) - n(A \cap B) - n(A \cap C)$
 $+ n[(A \cap B) \cap (A \cap C)]$
 $= n(A) + n(B) + n(C) - n(B \cap C) - n(A \cap B) - n(A \cap C)$
 $+ n(A \cap B \cap C)$
 $[\because (A \cap B) \cap (A \cap C) = A \cap B \cap C]$
 $= n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(B \cap C) - n(C \cap A)$
 $+ n(A \cap B \cap C)$
 $[\because A \cap C = C \cap A]$
 $\therefore n(A \cup B \cup C) = n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(B \cap C) - n(C \cap A) + n(A \cap B \cap C)$ (প্রমাণিত)

১৭. যদি $A = \{a, b, x\}$ এবং $B = \{c, y\}$ সার্বিক সেট $U = \{a, b, c, x, y, z\}$ এর উপসেট হলে, যাচাই কর যে,
 (a) (i) $A \subset B'$, (ii) $A \cup B' = B'$, (iii) $A' \cap B = B$
 (b) নির্ণয় কর: $(A \cap B) \cup (A \cap B')$

সমাধান: দেওয়া আছে, $U = \{a, b, c, x, y, z\}$,
 $A = \{a, b, x\}$ এবং $B = \{c, y\}$
 (a) (i) $B' = U - B$
 $= \{a, b, c, x, y, z\} - \{c, y\}$
 $= \{a, b, x, z\}$
 $\therefore A \subset B'$ (যাচাই করা হলো)
 (ii)
 $B' = U - B = \{a, b, c, x, y, z\} - \{c, y\} = \{a, b, x, z\}$
 এবং $A \cup B' = \{a, b, x\} \cup \{a, b, x, z\}$
 $= \{a, b, x, z\}$
 $= B'$
 $\therefore A \cup B' = B'$ (যাচাই করা হলো)
 (iii)
 $A' = U - A = \{a, b, c, x, y, z\} - \{a, b, x\}$
 $= \{c, y, z\}$
 অতএব, $A' \cap B = \{c, y, z\} \cap \{c, y\}$
 $= \{c, y\}$
 $= B$
 $\therefore A' \cap B = B$ (যাচাই করা হলো)

(b) $A \cap B = \{a, b, x\} \cap \{c, y\}$
 $= \emptyset$
 এবং $B' = U - B$
 $= \{a, b, c, x, y, z\} - \{c, y\}$
 $= \{a, b, x, z\}$
 $A \cap B' = \{a, b, x\} \cap \{a, b, x, z\}$
 $= \{a, b, x\}$
 সুতরাং $(A \cap B) \cup (A \cap B') = \emptyset \cup \{a, b, x\} = \{a, b, x\}$
 Ans. $\{a, b, x\}$

১৮. কোনো শ্রেণির ৩০ জন শিক্ষার্থীর মধ্যে ১৯ জন অর্থনীতি, ১৭ জন ভূগোল, ১১ জন পৌরনীতি, ১২ জন অর্থনীতি ও ভূগোল, ৪ জন পৌরনীতি ও ভূগোল, ৭ জন অর্থনীতি ও পৌরনীতি এবং ৫ জন তিনটি বিষয়ই নিয়েছে। কতজন শিক্ষার্থী তিনটি বিষয়ের কোনোটিই নেয়নি?

সমাধান: ধরি, মোট শিক্ষার্থীর সেট S , অর্থনীতি নেওয়া শিক্ষার্থীর সেট E , ভূগোল নেওয়া শিক্ষার্থীর সেট G এবং পৌরনীতি নেওয়া শিক্ষার্থীর সেট C । তিনটির অন্তর্গত যে কোনো একটি নিয়েছে এমন শিক্ষার্থীর সেট $(E \cup G \cup C)$ সুতরাং তিনটির কোনটিই নেয়নি এমন শিক্ষার্থীর সংখ্যা $= n(S) - n(E \cup G \cup C)$ ।

এখানে, $n(E) = 19$, $n(G) = 17$, $n(C) = 11$, $n(E \cap G) = 12$, $n(C \cap G) = 4$, $n(E \cap C) = 7$, $n(E \cap G \cap C) = 5$

$$\begin{aligned} \text{এখন, } n(E \cup G \cup C) &= n(E) + n(G) + n(C) - n(G \cap C) - \\ &\quad n(E \cap G) - n(E \cap C) + n(E \cap G \cap C) \\ &= 19 + 17 + 11 - 4 - 12 - 7 + 5 \\ &= 52 - 23 = 29 \end{aligned}$$

$\therefore$ কোনো বিষয় নেয়নি এমন শিক্ষার্থীর

$$\begin{aligned} \text{সংখ্যা} &= n(S) - n(E \cup G \cup C) \\ &= 30 - 29 = 1 \end{aligned}$$


Ans. 1 জন।

[বি: দ্র: পাঠ্যবইয়ে উত্তর ভুল আছে।]

১৯. ভেনচিত্রে সার্বিক সেট U এবং উপসেট A, B, C এর সদস্য সংখ্যা উপস্থাপন করা হয়েছে।

(a) যদি $n(A \cap B) = n(B \cap C)$ হয়, তবে x এর মান নির্ণয় কর।

(b) যদি $n(B \cap C') = n(A' \cap C)$ হয়, তবে y এর মান নির্ণয় কর।



(c) $n(U)$ এর মান নির্ণয় কর।


সমাধান:

(a) দেওয়া আছে, $n(A \cap B) = n(B \cap C)$
বা, $x = 4$ [ভেনচিত্র হতে]
 $\therefore x = 4$.

(b) দেওয়া আছে, $n(B \cap C') = n(A' \cap C)$
বা, $x + 6 = 4 + y$ [ভেনচিত্র হতে]
বা, $4 + 6 = 4 + y$ [$\because x = 4$]
বা, $6 = y$
 $\therefore y = 6$.

(c) $n(U) = 8 + x + 6 + 4 + y$ [ভেনচিত্র হতে]
 $= 8 + 4 + 6 + 4 + 6$ [$\because x = 4, y = 6$]
 $= 28$
 $\therefore n(U) = 28$ (Ans.)

২০. ভেনচিত্রে A, B, C সেটের উপাদানগুলো এমনভাবে দেওয়া আছে যেন, $U = A \cup B \cup C$



(a) যদি $n(U) = 50$ হয়, তবে x এর মান নির্ণয় কর।

(b) $n(B \cap C')$ এবং $n(A' \cap B)$ এর মান নির্ণয় কর।

(c) $n(A \cap B \cap C')$ এর মান নির্ণয় কর।

সমাধান:

(a) এখানে,

$$n(U) = 2x + x + 1 + x - 1 + 2 + 3 + 0 + x + 5 \text{ [ভেনচিত্র হতে]}$$

$$\therefore n(U) = 5x + 10$$

দেওয়া আছে, $n(U) = 50$

$$\text{বা, } 5x + 10 = 50$$

$$\text{বা, } 5x = 40$$

$$\therefore x = 8 \text{ (Ans.)}$$

[বি: দ্র: পাঠ্যবইয়ে উত্তর ভুল আছে।]

(b) ভেনচিত্র থেকে,

$$\begin{aligned} \therefore n(B \cap C') &= x + 1 + x - 1 \\ &= 2x \\ &= 2 \cdot 8 \text{ [}\because x = 8\text{]} \\ &= 16 \end{aligned}$$

$$\begin{aligned} \therefore n(A' \cap B) &= x - 1 + 0 \\ &= 8 - 1 \\ &= 7 \text{ (Ans.)} \end{aligned}$$

[বি: দ্র: পাঠ্যবইয়ে উত্তর ভুল আছে।]

(c) ভেনচিত্র থেকে


$$\begin{aligned} \therefore n(A \cap B \cap C') &= x + 1 \\ &= 8 + 1 \\ &= 9 \\ \therefore n(A \cap B \cap C') &= 9 \text{ (Ans.)} \end{aligned}$$

[বি: দ্র: পাঠ্যবইয়ে উত্তর ভুল আছে।]

২১. তিনটি সেট A, B এবং C এমনভাবে দেওয়া আছে যেন,

$A \cap B = \emptyset$, $A \cap C = \emptyset$ এবং $C \subset B$; ভেনচিত্র অঙ্কন করে সেটগুলোর ব্যাখ্যা দাও।

সমাধান: প্রদত্ত তথ্য মতে, সেটগুলোকে ভেনচিত্রে দেখানো হলো:



$$A \cap B = \emptyset$$

ব্যাখ্যা: সেট A এবং সেট B এর মধ্যে কোনো সাধারণ উপাদান নাই। অর্থাৎ A ও B নিষ্পদ সেট।

$$A \cap C = \emptyset$$

ব্যাখ্যা: সেট A এবং সেট C এর মধ্যে কোনো সাধারণ উপাদান নাই। অর্থাৎ A ও C নিষ্পদ সেট।

$$C \subset B$$

ব্যাখ্যা: সেট C এবং সেট B এর মধ্যে সাধারণ উপাদান আছে।

C সেটের সব উপাদান B সেটে আছে।

২২. দেওয়া আছে, $A = \{x : 2 < x \leq 5, x \in \mathbb{R}\}$ এবং $B = \{x : 1 \leq x < 3, x \in \mathbb{R}\}$ এবং $C = \{2, 4, 5\}$ নিম্নের সেটগুলো অনুযায়ী set notation এ প্রকাশ কর:

(a) $A \cap B$ (b) $A' \cap B'$ এবং (c) $A' \cup B$

সমাধান: দেওয়া আছে, $A = \{x : 2 < x \leq 5, x \in \mathbb{R}\}$,

$B = \{x : 1 \leq x < 3, x \in \mathbb{R}\}$ এবং $C = \{2, 4, 5\}$

$$\begin{aligned} \text{(a) } A \cap B &= \{x : 2 < x \leq 5, x \in \mathbb{R}\} \cap \{x : 1 \leq x < 3, x \in \mathbb{R}\} \\ &= \{x : 2 < x < 3, x \in \mathbb{R}\} \end{aligned}$$

(b) এখানে, $U = \mathbb{R}$

$$\begin{aligned} \therefore A \cup B &= \{x : 2 < x \leq 5, x \in \mathbb{R}\} \cup \{x : 1 \leq x < 3, x \in \mathbb{R}\} \\ &= \{x : 1 \leq x \leq 5, x \in \mathbb{R}\} \end{aligned}$$

ডি. মরগানের সূত্রানুসারে,

$$\begin{aligned} A' \cap B' &= (A \cup B)' \\ &= U - (A \cup B) \\ &= \mathbb{R} - \{x : 1 \leq x \leq 5, x \in \mathbb{R}\} \\ &= \{x : x < 1 \text{ অথবা } x > 5, x \in \mathbb{R}\} \end{aligned}$$

(c) এখানে, $U = \mathbb{R}$

$$\begin{aligned} A' &= U - A \\ A' &= \mathbb{R} - \{x : 2 < x \leq 5, x \in \mathbb{R}\} \\ &= \{x : x \leq 2 \text{ অথবা } x > 5, x \in \mathbb{R}\} \\ B &= \{x : 1 \leq x < 3, x \in \mathbb{R}\} \\ A' \cup B &= \{x : x \leq 2 \text{ অথবা } x > 5, x \in \mathbb{R}\} \cup \{x : 1 \leq x < 3, x \in \mathbb{R}\} \\ &= \{x : x < 3 \text{ অথবা } x > 5, x \in \mathbb{R}\} \end{aligned}$$

২৩. দেওয়া আছে, $U = \{x : x < 10, x \in \mathbb{R}\}$, $A = \{x : 1 < x \leq 4\}$ এবং $B = \{x : 3 \leq x < 6\}$. নিচের সেটগুলো অনুবৃত্তি চিত্রের মাধ্যমে প্রকাশ কর :

(a) $A \cap B$ (b) $A' \cap B$ (c) $A \cap B'$ এবং (d) $A' \cap B'$

সমাধান:

দেওয়া আছে, $U = \{x : x < 10, x \in \mathbb{R}\}$

$$A = \{x : 1 < x \leq 4\}$$

$$\text{এবং } B = \{x : 3 \leq x < 6\}$$

$$(a) A \cap B = \{x : 1 < x \leq 4\} \cap \{x : 3 \leq x < 6\} \\ = \{x : 3 \leq x \leq 4\}$$

[বিঃ দ্র: পাঠ্যবইয়ে উত্তর ভুল আছে।]

$$(b) A' = U - A \\ = \{x : x < 10, x \in \mathbb{R}\} - \{x : 1 < x \leq 4\} \\ = \{x : x \leq 1 \text{ অথবা } 4 < x < 10\}$$

$$A' \cap B = \{x : x \leq 1 \text{ অথবা } 4 < x < 10\} \cap \{x : 3 \leq x < 6\} \\ = \{x : 4 < x < 6\}$$

$$(c) B' = U - B \\ = \{x : x < 10, x \in \mathbb{R}\} - \{x : 3 \leq x < 6\} \\ = \{x : x \leq 3 \text{ অথবা } 6 \leq x < 10\}$$

$$A \cap B' = \{x : 1 < x \leq 4\} \cap \{x : x \leq 3 \text{ অথবা } 6 \leq x < 10\} \\ = \{x : 1 < x \leq 3\}$$

$$(d) A \cup B = \{x : 1 < x \leq 4\} \cup \{x : 3 \leq x < 6\} \\ = \{x : 1 < x < 6\}$$

ডি. মরগানের সূত্রানুসারে,

$$\begin{aligned} A' \cap B' &= (A \cup B)' \\ &= U - (A \cup B) \\ &= \{x : x < 10, x \in \mathbb{R}\} - \{x : 1 < x < 6\} \\ &= \{x : x \leq 1 \text{ অথবা } 6 \leq x < 10\} \end{aligned}$$

[বিঃ দ্র: পাঠ্যবইয়ে উত্তর ভুল আছে।]

২৪. নিম্নে A ও B সেট দেওয়া আছে। প্রতিক্ষেপে $A \cup B$ নির্ণয় কর এবং যাচাই কর যে $A \subset (A \cup B)$ এবং $B \subset (A \cup B)$

$$i. A = \{-2, -1, 0, 1, 2\} \text{ এবং } B = \{-3, 0, 3\}$$

$$ii. A = \{x : x \in \mathbb{N}, x < 10 \text{ এবং } x, 2 \text{ এর গুণিতক}\} \\ \text{এবং } B = \{x : x \in \mathbb{N}, x < 10 \text{ এবং } x, 3 \text{ এর গুণিতক}\}$$

সমাধান:

$$(i) \text{ দেওয়া আছে, } A = \{-2, -1, 0, 1, 2\}$$

$$\text{এবং } B = \{-3, 0, 3\}$$

$$\therefore A \cup B = \{-2, -1, 0, 1, 2\} \cup \{-3, 0, 3\} \\ = \{-3, -2, -1, 0, 1, 2, 3\} \text{ (Ans.)}$$

$$\therefore A \subset (A \cup B) \text{ এবং } B \subset (A \cup B) \text{ (যাচাই করা হলো)}$$

$$(ii) A = \{x : x \in \mathbb{N}, x < 10 \text{ এবং } x, 2 \text{ এর গুণিতক}\}$$

$$B = \{x : x \in \mathbb{N}, x < 10 \text{ এবং } x, 3 \text{ এর গুণিতক}\}$$

$$\therefore A = \{2, 4, 6, 8\}$$

$$\text{এবং } B = \{3, 6, 9\}$$

$$\therefore A \cup B = \{2, 4, 6, 8\} \cup \{3, 6, 9\} \\ = \{2, 3, 4, 6, 8, 9\} \text{ (Ans.)}$$

$$\therefore A \subset (A \cup B) \text{ এবং } B \subset (A \cup B) \text{ (যাচাই করা হলো)}$$

২৫. নিম্নের সেটগুলো ব্যবহার করে $A \cap B$ নির্ণয় কর এবং যাচাই কর

$$\text{যে, } (A \cap B) \subset A \text{ এবং } (A \cap B) \subset B$$

$$(i) A = \{0, 1, 2, 3, 5\}; B = \{-1, 0, 2\}$$

$$(ii) A = \{a, b, c, d\}, B = \{b, x, c, y\}$$

সমাধান:

$$(i) \text{ দেওয়া আছে, } A = \{0, 1, 2, 3, 5\}$$

$$B = \{-1, 0, 2\}$$

$$\therefore A \cap B = \{0, 1, 2, 3, 5\} \cap \{-1, 0, 2\}$$

$$\therefore A \cap B = \{0, 2\} \text{ (Ans.)}$$

$$\therefore (A \cap B) \subset A \text{ এবং } (A \cap B) \subset B \text{ (যাচাই করা হলো)}$$

$$(ii) \text{ দেওয়া আছে, } A = \{a, b, c, d\}$$

$$B = \{b, x, c, y\}$$

$$\therefore A \cap B = \{a, b, c, d\} \cap \{b, x, c, y\} \\ = \{b, c\} \text{ (Ans.)}$$

$$\therefore (A \cap B) \subset A \text{ এবং } (A \cap B) \subset B \text{ (যাচাই করা হলো)}$$

২৬. আনোয়ারা মহাবিদ্যালয়ের ছাত্রীদের মধ্যে বিচিত্রা, সম্মানী ও পূর্ণাঙ্গী পত্রিকায় পাঠ্যভ্যাস সম্পর্কে পরিচালিত এক সমীক্ষায় দেখা গেল 60% ছাত্রী বিচিত্রা, 50% ছাত্রী সম্মানী, 50% ছাত্রী পূর্ণাঙ্গী, 30% ছাত্রী বিচিত্রা ও সম্মানী, 30% ছাত্রী বিচিত্রা ও পূর্ণাঙ্গী, 20% ছাত্রী সম্মানী ও পূর্ণাঙ্গী এবং 10% ছাত্রী তিনটি পত্রিকাই পড়ে।

(i) শতকরা কত জন ছাত্রী উক্ত পত্রিকা তিনটির কোনটিই পড়ে না?

(ii) শতকরা কত জন ছাত্রী উক্ত পত্রিকালোর মধ্যে কেবল দুইটি পড়ে?

সমাধান: ধরি, সকল ছাত্রীর সেট U, বিচিত্রা পড়া ছাত্রীর সেট B, সম্মানী পড়া ছাত্রীর সেট S, পূর্ণাঙ্গী পড়া ছাত্রীর সেট P.

$$\therefore \text{ শতকরা } n(U) = 100\%, n(B) = 60\%, n(S) = 50\%, n(P) = 50\%, \\ n(B \cap S) = 30\%, n(B \cap P) = 30\%, n(P \cap S) = 20\%, \\ n(P \cap B \cap S) = 10\%$$

(i) তিনটি পত্রিকার অন্তত একটি পড়ে এমন শিক্ষার্থীর সেট $(B \cup P \cup S)$ [ভেনচিত্র দ্রষ্টব্য]



$\therefore$ তিনটির কোনটিই পড়ে না এমন ছাত্রী সংখ্যা

$$n(U) - n(B \cup P \cup S) \text{ [ভেনচিত্রের সাদা অংশ]}$$

$$\begin{aligned} \text{এখন, } n(B \cup P \cup S) &= n(B) + n(P) + n(S) - n(B \cap P) \\ &\quad - n(B \cap S) - n(P \cap S) + n(B \cap P \cap S) \\ &= 60\% + 50\% + 50\% - 30\% - 30\% - 20\% + 10\% \\ &= 90\% \end{aligned}$$

$\therefore$ কোনো পত্রিকাই পড়ে না এমন ছাত্রীর সংখ্যা

$$n(U) - n(B \cup P \cup S)$$

$$= 100\% - 90\%$$

$$= 10\%$$

$$\text{Ans. } 10\%$$


(ii) শুধু বিচিত্রা ও পূর্ণাঙ্গী পড়ে এমন ছাত্রীর সংখ্যা

$$= n[(B \cap P) \setminus S]$$


$$= n(B \cap P) - n(B \cap P \cap S) \text{ [ভেনচিত্র দ্রষ্টব্য]}$$

$$= 30\% - 10\%$$

$$= 20\%$$




বিচিত্রা ও পূর্বানী পড়া ছাত্রীদের সেট
শুধু বিচিত্রা ও সম্বানী পড়ে এমন ছাত্রীর সংখ্যা
 $= n[(B \cap S) \setminus P]$
 $= n(B \cap S) - n(B \cap P \cap S)$ [ভেনচিত্র দ্রষ্টব্য]
 $= 30\% - 10\%$
 $= 20\%$




বিচিত্রা ও সম্বানী পড়া ছাত্রীদের সেট
শুধু পূর্বানী ও সম্বানী পড়ে এমন ছাত্রীর সংখ্যা

$$\begin{aligned}
 &= n[(P \cap S) \setminus B] \\
 &= n(P \cap S) - n(P \cap B \cap S) \text{ [ভেনচিত্র দ্রষ্টব্য]} \\
 &= 20\% - 10\% \\
 &= 10\%
 \end{aligned}$$



পূর্বানী ও সম্বানী পড়া ছাত্রীদের সেট
 $\therefore$ কেবল দুইটি পত্রিকা পড়ে এমন ছাত্রীর সংখ্যা
 $20\% + 20\% + 10\% = 50\%$ [ভেনচিত্র দ্রষ্টব্য]



কেবল দুইটি পত্রিকা পড়া ছাত্রীর সেট

Ans. 50%



অনুশীলনীর সৃজনশীল রচনামূলক প্রশ্ন

২৭. $A = \{x : x \in \mathbb{R} \text{ এবং } x^2 - (a+b)x + ab = 0\}$

$B = \{1, 2\}$ এবং $C = \{2, 4, 5\}$

ক. A সেটের উপাদানসমূহ নির্ণয় কর।

খ. দেখাও যে, $P(B \cap C) = P(B) \cap P(C)$

গ. প্রমাণ কর যে, $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$

২৭ নং প্রশ্নের সমাধান

ক. $A = \{x : x \in \mathbb{R} \text{ এবং } x^2 - (a+b)x + ab = 0\}$
 $= \{x : x \in \mathbb{R} \text{ এবং } x^2 - ax - bx + ab = 0\}$
 $= \{x : x \in \mathbb{R} \text{ এবং } x(x-a) - b(x-a) = 0\}$
 $= \{x : x \in \mathbb{R} \text{ এবং } (x-a)(x-b) = 0\}$
 $= \{x : x \in \mathbb{R} \text{ এবং } x = a, b\}$

$\therefore$ A সেটের উপাদানসমূহ a ও b।

খ. দেওয়া আছে, $B = \{1, 2\}$, $C = \{2, 4, 5\}$

$P(B) = \{\{1\}, \{2\}, \{1, 2\}, \emptyset\}$

$P(C) = \{\{2\}, \{4\}, \{5\}, \{2, 4\}, \{2, 5\}, \{4, 5\}, \{2, 4, 5\}, \emptyset\}$

$\therefore P(B) \cap P(C) = \{\{1\}, \{2\}, \{1, 2\}, \emptyset\} \cap \{\{2\}, \{4\}, \{5\}, \{2, 4\}, \{2, 5\}, \{4, 5\}, \{2, 4, 5\}, \emptyset\}$
 $= \{\{2\}, \emptyset\}$

আবার, $B \cap C = \{1, 2\} \cap \{2, 4, 5\}$
 $= \{2\}$

$\therefore P(B \cap C) = \{\{2\}, \emptyset\}$

$\therefore P(B \cap C) = P(B) \cap P(C)$. (দেখানো হলো)

গ. দেওয়া আছে, $B = \{1, 2\}$, $C = \{2, 4, 5\}$

এবং $A = \{a, b\}$ [ক' হতে]

$B \cup C = \{1, 2\} \cup \{2, 4, 5\}$
 $= \{1, 2, 4, 5\}$

বামপক্ষ $= A \times (B \cup C) = \{a, b\} \times \{1, 2, 4, 5\}$
 $= \{(a, 1), (a, 2), (a, 4), (a, 5), (b, 1), (b, 2), (b, 4), (b, 5)\}$

আবার, $A \times B = \{a, b\} \times \{1, 2\}$
 $= \{(a, 1), (a, 2), (b, 1), (b, 2)\}$

এবং $A \times C = \{a, b\} \times \{2, 4, 5\}$

$= \{(a, 2), (a, 4), (a, 5), (b, 2), (b, 4), (b, 5)\}$

ডানপক্ষ $= (A \times B) \cup (A \times C)$

$= \{(a, 1), (a, 2), (b, 1), (b, 2)\} \cup \{(a, 2), (a, 4), (a, 5), (b, 2), (b, 4), (b, 5)\}$

$= \{(a, 1), (a, 2), (a, 4), (a, 5), (b, 1), (b, 2), (b, 4), (b, 5)\}$

$\therefore A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$ (প্রমাণিত)

২৮. একটি শ্রেণির 100 জন ছাত্রের মধ্যে 42 জন ফুটবল, 46 জন ক্রিকেট এবং 39 জন হকি খেলে। এদের মধ্যে 13 জন ফুটবল ও ক্রিকেট, 14 জন ক্রিকেট ও হকি এবং 12 জন ফুটবল ও হকি খেলতে পারে। এছাড়া 7 জন কোনো খেলায় পারদর্শী নয়—


ক. উল্লেখিত তিনটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সেট এবং কোনো খেলায় পারদর্শী নয় এমন ছাত্রদের সেট ভেনচিত্রে দেখাও।

খ. কতজন ছাত্র উল্লেখিত তিনটি খেলায় পারদর্শী তা নির্ণয় কর।

গ. কতজন ছাত্র কেবলমাত্র একটি খেলায় পারদর্শী এবং কতজন অন্তত দুইটি খেলায় পারদর্শী?

২৮ নং প্রশ্নের সমাধান

ক.



খ. সিকল ছাত্রের সেট U, ফুটবল খেলায় পারদর্শী ছাত্রদের সেট F, ক্রিকেট খেলায় পারদর্শী ছাত্রদের সেট C, হকি খেলায় পারদর্শী ছাত্রদের সেট H.

$n(U) = 100$

$n(F) = 42$, $n(C) = 46$, $n(H) = 39$

$n(F \cap C) = 13$, $n(C \cap H) = 14$, $n(F \cap H) = 12$

$n(F \cup C \cup H) = 7$

খ) আমরা জানি,

$$n(F \cup C \cup H) = n(U) - n(F \cup C \cup H)$$

$$\text{বা, } 7 = 100 - n(F \cup C \cup H)$$

$$\therefore n(F \cup C \cup H) = 93$$

$$\text{এখন, } n(F \cup C \cup H) = n(F) + n(C) + n(H) - n(F \cap C)$$

$$- n(F \cap H) - n(C \cap H) + n(F \cap C \cap H)$$

$$\text{বা, } 93 = 42 + 46 + 39 - 13 - 12 - 14 + n(F \cap C \cap H)$$

$$\text{বা, } n(F \cap C \cap H) + 88 = 93$$

$$\therefore n(F \cap C \cap H) = 5$$

$\therefore$ তিনটি খেলায় পারদর্শী শিক্ষার্থীর সংখ্যা 5 জন।

Ans. 5 জন।

$$\text{গ) কেবল ফুটবল খেলে } = n(F) - n(F \cap C) - n(F \cap H) + n(F \cap C \cap H)$$

$$= 42 - 13 - 12 + 5$$

$$= 22$$

$$\text{কেবল ক্রিকেট খেলে } = n(C) - n(F \cap C) - n(C \cap H) + n(F \cap C \cap H)$$

$$= 46 - 13 - 14 + 5$$

$$= 24$$

$$\begin{aligned} \text{কেবল হকি খেলে} &= n(H) - n(H \cap C) - n(H \cap F) + n(F \cap C \cap H) \\ &= 39 - 14 - 12 + 5 \\ &= 18 \end{aligned}$$

$$\therefore \text{কেবল একটি খেলায় পারদর্শী} = 22 + 24 + 18 = 64 \text{ জন।}$$

$$\begin{aligned} \text{কেবল ফুটবল ও ক্রিকেট খেলে} &= n(F \cap C) - n(F \cap C \cap H) \\ &= 13 - 5 \\ &= 8 \end{aligned}$$

$$\begin{aligned} \text{কেবল ক্রিকেট ও হকি খেলে} &= n(C \cap H) - n(F \cap C \cap H) \\ &= 14 - 5 \\ &= 9 \end{aligned}$$

$$\begin{aligned} \text{কেবল ফুটবল ও হকি খেলে} &= n(F \cap H) - n(F \cap C \cap H) \\ &= 12 - 5 \\ &= 7 \end{aligned}$$

$\therefore$ অন্তত দুটি খেলায় পারদর্শী শিক্ষার্থীর সংখ্যা

$$= (8 + 9 + 7 + 5) \text{ জন} = 29 \text{ জন}$$

Ans. 64 জন এবং 29 জন.



মাস্টার ট্রেনার প্রণীত সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

★★★ সেট | Text পৃষ্ঠা-১

- বিভিন্ন বস্তুর সুনির্ধারিত সংগ্রহ হলো সেট। সংগ্রহের অন্তর্ভুক্ত প্রতিটি বস্তুই সেটের উপাদান।
- সেটকে ইংরেজী বড় হাতের অক্ষর দ্বারা প্রকাশ করা হয়। দুই পদ্ধতিতে সেটকে প্রকাশ করা যায়- তালিকা পদ্ধতি, সেট গঠন পদ্ধতি।

১. নিচের কোনটি বস্তুর সুনির্ধারিত সংগ্রহ? (সহজ)

- ক) ফাংশন খ) সেট গ) অভেদ ঘ) অবয়

২. school শব্দটি দ্বারা গঠিত সেট কোনটি? (সহজ)

- ক) {s, c, h, o, l} খ) {s, h, o, l}
গ) {h, c, s, o} ঘ) {s, l, o, c}

৩. committee শব্দটি দ্বারা গঠিত সেট কোনটি? (সহজ)

- ক) {c, o, m, i, t, e, e} খ) {comite}
গ) {c, o, m, i, l, e} ঘ) {c, o, m, i, l, e}

৪. mathematics শব্দের অক্ষর সমূহের সেট নিচের কোনটি? (সহজ)

- ক) {m, a, t, h, e, m, a, t, i, c, s} খ) {m, a, t, h, e, i, c, s}
গ) {mathematics} ঘ) {matheics}

৫. $U = \{1, 2, 3\}$ হলে $A = \{x : x + 5 < 8\}$ সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে নিচের কোনটি পাওয়া যাবে? (কঠিন)

- ক) {1, 2} খ) {1, 2, 3} গ) {3} ঘ) {2, 3}

৬. স্বাভাবিক সংখ্যার সেটকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) $\mathbb{N}$ খ) {1, 2, 3,}
গ) {0, 1, 2, 3,} ঘ) $\{x \in \mathbb{N} : x > 0\}$

৭. সুনির্ধারিত সংগ্রহের উদাহরণ হচ্ছে —

- i. সপ্তাহের দিনগুলির সেট।
ii. বাংলাদেশের সরকারি পার্কগুলির সেট।
iii. সকল বর্ণমালার সেট।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. সেট প্রকাশের ক্ষেত্রে —

- i. ইংরেজি ছোট হাতের অক্ষর ব্যবহৃত হয়।
ii. ইংরেজি বড় হাতের অক্ষর ব্যবহৃত হয়।
iii. উপাদানগুলিকে { } দ্বারা আবদ্ধ করা হয়।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. প্রথম নয়টি অঋণাত্মক পূর্ণসংখ্যার সেট F হলে—

- i. $F = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8\}$
ii. $F = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$
iii. $F = \{x \in \mathbb{R} : 0 \leq x < 9\}$

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে (১০-১১) নং প্রশ্নের উত্তর দাও:

প্রথম 7 টি স্বাভাবিক সংখ্যার সেট P

১০. সেট গঠন পদ্ধতিতে নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) $P = \{x \in \mathbb{R} : x < 8\}$ খ) $P = \{x \in \mathbb{N} : x < 7\}$
গ) $P = \{x \in \mathbb{R} : x < 7\}$ ঘ) $P = \{x \in \mathbb{N} : x < 8\}$

১১. তালিকা পদ্ধতিতে নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) $P = \{0, 1, 2, 3, 4, 5, 6\}$ খ) $P = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$
গ) $P = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$ ঘ) $P = \{0, 1, 2, 3, 4, 5, 6\}$

★★★ সার্বিক সেট, উপসেট, পূরক সেট | Text পৃষ্ঠা-২

- নির্দিষ্ট সেটকে আলোচনাধীন সকল সেটের সার্বিক সেট বলা হয়। একে U দ্বারা প্রকাশ করা হয়।
- কোনো সেট এর উপাদান থেকে যতগুলো সেট গঠন করা যায়, এদের প্রত্যেকটি সেটকে ঐ সেটের উপসেট বলা হয়। গঠিত উপসেটের মধ্যে উপসেটগুলোর উপাদান সংখ্যা প্রদত্ত সেটের উপাদান সংখ্যা অপেক্ষা কম হলে এদেরকে প্রকৃত উপসেট বলে।
- যদি U সার্বিক সেট হয়, তবে P সেটের পূরক সেট: $P' = \{x : x \notin P, x \in U\}$ বা, $U \setminus P$.

১২. {1, 2, 3, 5}, {2, 4, 6} ও {1, 2, 4, 5, 6} সেট তিনটির সার্বিক সেট নিচের কোনটি? (মধ্যম) [পেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পেরপুর]

- ক) {1, 2, 3, 5} খ) {2, 4, 6}
গ) {1, 2, 3, 4, 5, 6} ঘ) {1, 2, 4, 5, 6}

১৩. pen ও pencil শব্দ দুইটি দ্বারা গঠিত সেটের সার্বিক সেট কোনটি? (মধ্যম)

- ক) {p, e, n, c, i, l} খ) {p, p, c, n, c}
গ) {p, e, l, c, n} ঘ) {p, n, c, l, i}

১৪. $\mathbb{N} \subset \mathbb{Z} \subset \mathbb{Q} \subset \mathbb{R}$ হলে, সার্বিক সেট কোনটি? (কঠিন)

- ক) $\mathbb{N}$ খ) $\mathbb{R}$ গ) $\mathbb{Q}$ ঘ) $\mathbb{Z}$

১৫. P ও Q সেটের IR সেটের উপসেট হলে, সার্বিক সেট কোনটি? (মধ্যম)

- ক) $\mathbb{R}$ খ) P গ) Q ঘ) $P \cap Q$

১৬. $P = \{x : x \text{ ধনাত্মক পূর্ণ সংখ্যা এবং } 5x \leq 16\}$ হলে, P এর মান কোনটি? (সহজ) [রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী]

- (ক) $\{0, 1, 2, 3\}$ (খ) $\{1, 2, 3\}$ (গ) $\{0, 2, 3\}$ (ঘ) $\{0, 1, 2\}$

১৭. স্বাভাবিক সংখ্যা, পূর্ণসংখ্যা, বাস্তব সংখ্যা ও মূলদ সংখ্যার সেট যথাক্রমে $\mathbb{N}$, $\mathbb{Z}$, $\mathbb{R}$ ও $\mathbb{Q}$ হলে নিচের কোনটি সার্বিক সেট? (সহজ)

[কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা; [মাতৃগীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]; [রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]; [নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর];

- (ক) $\mathbb{Q}$ (খ) $\mathbb{N}$ (গ) $\mathbb{Z}$ (ঘ) $\mathbb{R}$

১৮. $\mathbb{Q}$ সকল অমূলদ সংখ্যার সেট হলে, নিচের কোনটি সত্য? (মধ্যম)

- (ক) $\mathbb{Q}^c \subset \mathbb{R}$ (খ) $\mathbb{Q}^c \subset \mathbb{N}$ (গ) $\mathbb{Q}^c \subset \mathbb{Z}$ (ঘ) $\mathbb{Q}^c \subset \mathbb{Q}$

১৯. $P = \{1, 2, 3\}$, $R = \{1, 2, 3, 4\}$ হলে, কোনটি অধিক বৃত্তিসূক্ত? (কঠিন)

[মোহাম্মদপুর প্রিন্সিপালিটী উচ্চ মাধ্যমিক (বালিকা) বিদ্যালয়, ঢাকা]

- (ক) $R \subset P$ (খ) $R \subseteq P$ (গ) $P \subset R$ (ঘ) $P \subseteq R$

২০. R এর প্রকৃত উপসেট P হলে নিচের কোনটি সঠিক? (মধ্যম) [ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা; আল-আমিন একাডেমী (স্কুল এন্ড কলেজ) চাঁদপুর; রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]

- (ক) $P \subset R$ (খ) $R \subset P$ (গ) $P \subseteq R$ (ঘ) $R \subseteq P$

২১. নিচের কোন সেটটির একটি মাত্র উপসেট রয়েছে? (সহজ)

- (ক) $\{0\}$ (খ) $\{1\}$ (গ) $\{\}$ (ঘ) $\{1, 2\}$

২২. A সেট, সমীম সেট B এর উপসেট হলে, নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) $n(B) \leq n(A)$ (খ) $n(A) \geq n(B)$
(গ) $n(A) \leq n(B)$ (ঘ) $n(A) = n(B)$

২৩. $A = \{x \in \mathbb{N} : 0 < x \leq 10\}$ এবং $B = \{x \in \mathbb{N} : x \text{ জোড় সংখ্যা এবং } x \leq 10\}$ দুটি সেট হলে নিচের কোনটি সঠিক? (কঠিন)

- (ক) $A \subseteq B$ (খ) A এর প্রকৃত উপসেট B
(গ) B এর উপসেট A (ঘ) B একটি অসীম সেট

২৪. $A = \{3, 6, 9, 12\}$ হলে $n(A)$ সমান কত? (সহজ)

- (ক) 3 (খ) 4 (গ) 12 (ঘ) 16

২৫. P সেটের প্রকৃত সেট P' হলে নিচের কোনটি সঠিক যখন U সার্বিক সেট? (সহজ)

- (ক) $P' = \{x : x \in P, x \in U\}$ (খ) $P' = \{x : x \notin P, x \notin U\}$
(গ) $P' = \{x : x \notin P, x \in U\}$ (ঘ) $P' = \{x : x \in P, x \notin U\}$

২৬. $A = \{\}$ ও $B = \{1\}$ হলে $A \setminus B = ?$ (সহজ)

- (ক) A (খ) B (গ) $\{1\}$ (ঘ) $A \cup B$

২৭. $A = \{a, d\}$ হলে $P(A)$ এর উপাদানে A সেটের প্রকৃত উপসেট কয়টি? (মধ্যম)

- (ক) 1 (খ) 2 (গ) 3 (ঘ) 4

২৮. $A = \{1, 2, 3\}$ হলে, $P(A)$ -তে A সেটের উপসেট কয়টি? (মধ্যম) [জামালপুর জিলা স্কুল, জামালপুর; [নওগাঁ সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, নওগাঁ]

- (ক) 4 (খ) 6 (গ) 8 (ঘ) 12

২৯. P অধনাত্মক পূর্ণ সংখ্যার সেট এবং Q ঋণাত্মক পূর্ণসংখ্যার সেট এবং $U = P \cup Q$

- i. P ও Q সার্বিক সেট U এর উপসেট হবে
ii. সার্বিক সেট U পূর্ণ সংখ্যার সেট হবে।
iii. সার্বিক সেট U স্বাভাবিক সংখ্যার সেট হবে

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. U ধনাত্মক পূর্ণসংখ্যার সেট হলে— [রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]

- i. U এর সার্বিক সেট $\mathbb{R}$
ii. U এর সার্বিক সেট $\mathbb{Z}$
iii. $\mathbb{R}$ হলো U ও $\mathbb{Z}$ উভয় সেটের সার্বিক সেট।

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩১. $A = \{1, 3, 5, 7, 9, \dots, 100\}$ ও $B = \mathbb{N}$ দুটি সেট হলে—

- i. $\emptyset \subseteq A$
ii. $A \subseteq \mathbb{N}$
iii. $n(A) < n(B)$

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩২. P সেট, সমীম সেট Q এর উপসেট হলে—

- i. $P \subseteq Q$
ii. $Q \subseteq P$
iii. $n(P) \leq n(Q)$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৩. M সেট, সমীম সেট N এর প্রকৃত উপসেট হলে—

- i. $M \subset N$
ii. $n(M) < n(N)$
iii. $n(M) = n(N)$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৪. A সেট এর ক্ষেত্রে—

- i. $A' = A$
ii. $A \setminus A = \emptyset$
iii. $A \setminus (A \setminus A) = A$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের অধ্যায় আলোকে (৩৫-৩৭) নং প্রশ্নের উত্তর দাও:

$U = \{x : 1 \leq x \leq 10, x \in \mathbb{Z}\}$ একটি সার্বিক সেট।

৩৫. $A = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$ হলে, A এর মান কোনটি? (সহজ)

- (ক) $\{1, 3, 5, 7\}$ (খ) $\{1, 2, 3, 5, 7\}$
(গ) $\{2, 3, 5, 7\}$ (ঘ) $\{1, 2, 3, 9\}$

৩৬. $C = \{x : x, 10 \text{ এর গুণিতক}\}$ হলে, $P(C) = ?$ (মধ্যম)

- (ক) $\{\{10\}, \emptyset\}$ (খ) $\{10\}$
(গ) $\{\emptyset\}$ (ঘ) $\{\{1\}, \{10\}, \emptyset\}$

৩৭. $B = \{x : x, 5 \text{ এর গুণিতক}\}$ হলে, $P(B)$ এর উপাদান সংখ্যা কয়টি? (মধ্যম)

- (ক) 2 (খ) 4 (গ) 8 (ঘ) 12

নিচের অধ্যায় আলোকে (৩৮-৪১) নং প্রশ্নের উত্তর দাও:

$U = \{x : x \text{ পূর্ণসংখ্যা}, 0 < x \leq 10\}$, $A = \{x : 2x < 7\}$ ও

$B = \{x : 3x < 20\}$ তিনটি সেট।

৩৮. A সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে নিচের কোনটি সঠিক? (মধ্যম) [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

- (ক) $\{0, 1, 2, 3\}$ (খ) $\{1, 2, 3, 4\}$
(গ) $\{1, 2, 3\}$ (ঘ) $\{0, 1, 2, 3, 4\}$

৩৯. A' সেটের উপাদানগুলো তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে নিচের কোনটি সঠিক? (কঠিন) [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

- (ক) $\{4, 5, 6, 7, 8, 9, 10\}$
(খ) $\{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$
(গ) $\{0, 4, 5, 6, 7, 8, 9, 10\}$
(ঘ) $\{1, 2, 3\}$

৪০. $A = \{1, 2, 3\}$

$U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$

$\therefore A' = U - A = \{4, 5, 6, 7, 8, 9, 10\}$

৪০. $B' = ?$ (মধ্যম) [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

- (ক) $\{1, 2, 3, 4, 5\}$ (খ) $\{7, 8, 9, 10\}$
(গ) $\{0, 1, 2, 3, 4, 5\}$ (ঘ) $\{6, 7, 8, 9, 10\}$

৪১. $B = \{1, 2, 3, 4, 5, 6\}$

$U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$

$\therefore B' = U - B = \{7, 8, 9, 10\}$

৪১. B' এর সাথে A এর সম্পর্ক কোনটি? (কঠিন) [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

- (ক) $B' \subset A$ (খ) $B' \subseteq A$ (গ) $A \subset B'$ (ঘ) $B' \neq A$

নিচের অঙ্কের আলোকে (৪২-৪৫) নং প্রশ্নের উত্তর দাও:

$A = \{x : x, 2 \text{ এর গুণিতক}, 2 \leq x \leq 4\}$, $B = \{x : x, 5 \text{ এর গুণিতক}, 5 \leq x \leq 15\}$ এবং $C = \{x : x, 10 \text{ এর গুণিতক}, 10 \leq x \leq 20\}$

৪২. A, B ও C এর সার্বিক সেট কোনটি? (সহজ)

- (ক) $U = \{x : 1 \leq x \leq 20, x \in \mathbb{Z}^+\}$
 (খ) $U = \{x : 1 < x < 5\}$
 (গ) $U = \{x : 1 < x < 10\}$
 (ঘ) $U = \{x : x < 0\}$

৪৩. C সেটের উপাদান সংখ্যা কয়টি? (সহজ)

- (ক) 1 (খ) 2 (গ) 3 (ঘ) 4

৪৪. $P(B)$ সেটের উপাদান সংখ্যা কয়টি? (মধ্যম)

- (ক) 1 (খ) 2 (গ) 3 (ঘ) 8

৪৫. $B \cap C$ এর মান কত? (মধ্যম)

- (ক) $\{5, 15\}$ (খ) $\{10, 20\}$ (গ) $\{5, 10\}$ (ঘ) $\{5, 20\}$

নিচের অঙ্কের আলোকে (৪৬-৪৮) নং প্রশ্নের উত্তর দাও:

$U = \{x : 2 \leq x \leq 10, x \in \mathbb{Z}^+\}$ এবং $P = \{x : x \text{ হলো } 4 \text{ এর গুণিতক}, 4 \leq x < 12\}$

৪৬. P সেটের তালিকা পদ্ধতি কোনটি? (সহজ)

- (ক) 4, 8 (খ) $\{4, 8\}$ (গ) $(4, 8)$ (ঘ) $(4, 8)$

৪৭. P' সেটের উপাদান কোনটি? (মধ্যম)

- (ক) 4 (খ) 6 (গ) 7 (ঘ) 8

ব্যাখ্যা: 2, 3, 5, 6, 7, 9 ও 10 এই 7টি P' এর উপাদান।

৪৮. $n(P) + n(P') = ?$ (কঠিন)

- (ক) 9 (খ) 5 (গ) 4 (ঘ) 3

নিচের অঙ্কের আলোকে (৪৯-৫০) নং প্রশ্নের উত্তর দাও:

$A = \{1, 2\}$ একটি সেট, যার শক্তি সেট $P(A)$

৪৯. $P(A)$ সেটের উপাদান সংখ্যা কত? (কঠিন)

- (ক) 2^1 (খ) $2^2 + 1$ (গ) 2^2 (ঘ) $2^2 - 1$

৫০. $B \in P(A)$ হলে নিচের কোনটি সঠিক? (কঠিন)

- (ক) $B \subseteq A$ (খ) $B \subset A$ (গ) $B \subset A$ (ঘ) $B = \{1, 2\}$

★★★ শক্তিসেট | Text পৃষ্ঠা-৩

- কোনো সেটের সকল উপসেটের সেটকে শক্তি সেট বলে।
- কোনো সেটের উপাদান সংখ্যা n হলে শক্তি বা power সেটে উপাদান সংখ্যা 2^n ।

৫১. $A = \{a\}$, $B = \{b\}$ হলে, $P(A) \cap P(B) =$ কত? (সহজ)

- (ক) $\{\{a\}, \{b\}\}$ (খ) ϕ (গ) $\{a\}$ (ঘ) $\{b\}$

৫২. $A = \{1, 2\}$, $B = \{2, 3\}$ হলে $P(A) \cup P(B)$ এর উপাদান সংখ্যা কত? (মধ্যম)

[রাঙামাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাঙামাটি]

- (ক) 8 (খ) 7 (গ) 6 (ঘ) 5

৫৩. $B = \{1, 2, 3\}$ ও $C = \{2, 4, 5\}$ হলে $P(B \cap C)$ নিচের কোনটির সমান? (মধ্যম)

- (ক) $P(B) \cup P(C)$ (খ) $P(B) \cap P(C)$
 (গ) $P(B \cup C)$ (ঘ) $P(B \setminus C)$

৫৪. $A = \{a, b\}$ এবং $B = \{b, c\}$ হলে—

- i. $P(A) \subset P(A \cup B)$.
 ii. $P(B) \subset P(A \cup B)$.
 iii. $P(A) \cup P(B) \subset P(A \cap B)$.

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৫. $A = \{1, 2\}$, $B = \{1\}$ ও $C = \{2\}$ হলে—

- i. $P(A) = \{A, B, C, \phi\}$
 ii. $P(A) = P(B \cup C)$
 iii. $P(B) \cup P(C) = P(A)$.

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৬. $A = \{x : x \in \mathbb{R} \text{ এবং } x^2 - (a+b)x + ab = 0\}$ হলে—

- i. $A = \{a, b\}$
 ii. $n(A) = 2$.
 iii. $P(A) = \{a, b, \phi\}$.


নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii


★★★ ডেনচিত্র | Text পৃষ্ঠা-৪

- কোনো সেটের একাধিক উপসেটের মধ্যে সম্পর্ক নির্দেশকারী জ্যামিতিক চিত্রই ডেনচিত্র।
- আয়তক্ষেত্র দ্বারা সার্বিকসেট এবং বৃত্তাকার বা ত্রিভুজাকার ক্ষেত্র দ্বারা উপসেট বোঝানো হয়। যদি U সার্বিক সেট এবং A যেকোনো সেট হয় তবে $n(A) + n(A') = n(U)$.


৫৭. নিচের কোন ডেনচিত্রে $A \subset B$ দেখানো হয়েছে? (সহজ)




৫৮. কোন ডেনচিত্রে শুধু A ও B সেট দ্বারা সার্বিক সেট গঠিত হয়েছে? (মধ্যম)



৫৯. $U = \{x : 0 < x < 4, x \in \mathbb{N}\}$, $A = \{1, 2\}$ হলে এর সঠিক ডেনচিত্র কোনটি? (কঠিন)



৬০. নিচের কোন ডেনচিত্রে গাঢ় করে, A' দেখানো হয়েছে? (কঠিন)




৬১. ডেনচিত্রে সেট প্রকাশের ক্ষেত্রে—

- i. আয়তক্ষেত্র দ্বারা সার্বিক সেট।
 ii. বৃত্তাকার ক্ষেত্র দ্বারা উপসেট।
 iii. ত্রিভুজাকার ক্ষেত্র দ্বারা উপসেট।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii



ভেনচিত্রে — [সিলেট সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]


i. $A \subset B$

ii. $B \subseteq U$

iii. $B = \{1, 2, 3\}$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii




i. $U = \{1, 2, 3\}$

ii. $A' = \{3\}$

iii. $U/A = \{1, 2\}$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii




i. $P \subset U$

ii. $n(P') = 1$

iii. $P' = \{4\}$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii



i. $P \not\subset Q$


ii. $n(P) + n(Q) = n(U)$

iii. $P \subset Q$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের ভেনচিত্রের আলোকে (৬৬-৬৮) নং প্রশ্নের উত্তর দাও:



৬৬. তালিকা পদ্ধতিতে A সেটের উপাদানগুলো নিচের কোনটি? (সহজ)

- ক) $\{1, 2, 3\}$ খ) $\{1, 2, 3, 10\}$
গ) $\{1, 2, 3, 4, 5\}$ ঘ) $\{1, 2, 3, 4, 5, 10\}$

৬৭. A সেটের পূরক সেট, $A' = ?$ (মধ্যম) [সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]

- ক) $\{6, 7, 8, 9, 10\}$ খ) $\{4, 5\}$
গ) $\{6, 7, 8\}$ ঘ) $\{4, 5, 6, 7, 8\}$

৬৮. সার্বিক সেট, U কে তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে নিচের কোনটি সঠিক? (মধ্যম) [সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]

- ক) $\{6, 7, 8, 9, 10\}$ খ) $\{4, 5, 6, 7, 8, 9, 10\}$
গ) $\{1, 2, 3, 6, 7, 8, 9, 10\}$ ঘ) $\{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$

★★★ সেটের সংযোগ | Text পৃষ্ঠা-৪

• দুই বা ততোধিক সেটের সকল সদস্য নিয়ে সংযোগ সেট গঠিত হয়।

A ও B এর সংযোগ সেট: $A \cup B = \{x : x \in A \text{ অথবা } x \in B\}$

৬৯. Male ও Female শব্দ দুইটি দ্বারা গঠিত সেটের সার্বিক সেট কোনটি? (সহজ)

- ক) $\{f, e, m, a, l\}$ খ) $\{f, e, m, a, l\}$
গ) $\{f, e, m, a, l, e\}$ ঘ) $\{f, e, m, a, l\}$

৭০. $U = \{2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$, A মৌলিক সংখ্যার সেট এবং B বিজোড় সংখ্যার সেট হলে, $A \cup B =$ কত? (কঠিন)

- ক) $\{2, 3, 5, 7, 9\}$ খ) $\{2, 3, 5, 7\}$
গ) $\{2, 3, 4, 7\}$ ঘ) $\{2, 3, 7, 9\}$

৭১. $U = A \cup B$ হলে —

- i. $A \cup B \neq B \cup A$
ii. $A' \subseteq U$
iii. $B' \subseteq U$

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭২. সার্বিক সেট U এর যে কোন উপসেট A এবং $B = \emptyset$ এর জন্য — [রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী]

- i. $A \cup A' = U$
ii. $A \cup B = A$
iii. $A \cup B = B$

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭৩. $A \cup B$ এর ভেনচিত্র হলে —

- i. $A \cup B \subseteq A$
ii. $A \cup B \subseteq B$
iii. $A \cup B \subseteq U$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে (৭৪-৭৭) নং প্রশ্নের উত্তর দাও:

সার্বিক সেট, $U = \{2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$ এবং $A = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$ ও $B = \{x : x \text{ বিজোড় সংখ্যা}\}$ দুইটি সেট।

৭৪. A সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) $\{2, 3, 5, 7\}$ খ) $\{2, 3, 5\}$
গ) $\{2, 3, 4, 5, 7\}$ ঘ) $\{3, 5, 7\}$

৭৫. $A \cup B$ এর মান কত? (মধ্যম)

- ক) $\{4, 6, 8\}$ খ) $\{2, 3, 5, 7, 9\}$
গ) $\{3, 5, 7\}$ ঘ) $\{2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$

৭৬. ব্যাখ্যা: $A = \{2, 3, 5, 7\}$, $B = \{3, 5, 7, 9\}$

$A \cup B = \{2, 3, 5, 7, 9\}$

৭৭. $A \cup B'$ এর মান নিচের কোনটি? (কঠিন) [ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

- ক) $\{2\}$ খ) $\{2, 3, 5, 7\}$
গ) $\{2, 3, 4, 5, 6, 7, 8\}$ ঘ) $\{2, 4, 6, 8\}$

৭৮. ব্যাখ্যা: $A = \{2, 3, 5, 7\}$

$B' = U - B = \{2, 4, 6, 8\}$

$A \cup B' = \{2, 3, 5, 7\} \cup \{2, 4, 6, 8\}$
 $= \{2, 3, 4, 5, 6, 7, 8\}$

৭৯. $(A \cup B)'$ এর মান নিচের কোনটি? (কঠিন) [ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

- ক) $\{4, 6, 8\}$ খ) $\{2, 4, 6, 8\}$
গ) $\{3, 5, 7\}$ ঘ) $\{2, 4, 6, 8, 9\}$

৮০. ব্যাখ্যা: $(A \cup B) = \{2, 3, 5, 7, 9\}$

$\therefore (A \cup B)' = U - (A \cup B) = \{4, 6, 8\}$

নিচের তথ্যের আলোকে (৭৮-৮০) নং প্রশ্নের উত্তর দাও:

$U = \{2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$, A মৌলিক সংখ্যা এবং B বিজোড় সংখ্যার সেট।

৮১. B' এর মান তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে কোনটি পাওয়া যাবে? (সহজ)

- ক) $\{2, 4, 6, 8\}$ খ) $\{2, 5, 6, 8\}$
গ) $\{2, 3, 5, 9\}$ ঘ) $\{3, 5, 7, 9\}$

৭৯. $A \cap B' =$ কত? (মধ্যম)

- ক {2, 3} ঘ {7, 9} গ {2} ঘ {9}

৮০. $(A \cup B)'$ = কত? (মধ্যম) [নাটোর সরকারি উচ্চ বিদ্যালয়, নাটোর]

- ক {2, 3, 7} ঘ {4, 6, 8}
গ {1, 5, 9} ঘ {5, 7, 9}

নিচের অঙ্কের আলোকে (৮১-৮৩) নং প্রশ্নের উত্তর দাও:

$U = \{x : 1 < x < 10\}$, $A = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$ এবং $B = \{x : x \text{ পূর্ণবর্গ সংখ্যা}\}$

৮১. B এর মান তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে কোনটি পাওয়া যায়? (মধ্যম)

- ক {2, 4, 9} ঘ {1, 4, 9} গ {4, 9} ঘ {2, 4, 9}

৮২. $A \cup B$ এর মান নিচের কোনটি? (মধ্যম)

- ক {2, 3, 4, 5, 7, 9} ঘ {2, 3, 7, 9}
গ {2, 3, 4, 7, 9} ঘ {2, 3, 5, 7, 9}

৮৩. A' এর মান কত? (সহজ)





- ক {4, 6, 8, 9} ঘ {1, 2, 7}
গ {2, 3, 5, 7} ঘ {1, 4, 9}

★★★ সেটের হেদ | Text পৃষ্ঠা-৫





• দুই বা ততোধিক সেটের সাধারণ উপাদান দ্বারা হেদ সেট গঠিত হয়।

A ও B এর হেদ সেট $A \cap B = \{x : x \in A \text{ এবং } x \in B\}$

৮৪. নিচের কোন গাফ অংশ $A' \cap B$ এর মান প্রকাশ করে? (সহজ)

- ক  ঘ 
গ  ঘ 

৮৫. $A' \cap B'$ নিচের কোন চিত্র দ্বারা প্রকাশ পাওয়া যায়? (মধ্যম)

- ক  ঘ 
গ  ঘ 

৮৬. $x \in A \cap B$ হলে—

- i. $x \in A$.
ii. $x \in B$.
iii. $x \in A$ এবং $x \in B$.

নিচের কোনটি সঠিক? (মধ্যম)


- ক i ও ii ঘ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮৭. A ও B সেটের নিষ্কেন্দ্র হবে যদি—

 - প্রতিজ্ঞা-৫ : (i) $A \subset A \cup B$ এবং $B \subset A \cup B$
(ii) $(A \cap B) \subset A$ এবং $(A \cap B) \subset B$
 - প্রতিজ্ঞা-৬ : $A \cup U = U$ এবং $A \cup \emptyset = A$ [U সার্বিক সেট]
 - প্রতিজ্ঞা-৭ :
(ক) $A \cup (B \cap C) = (A \cup B) \cap (A \cup C)$
(খ) $A \cap (B \cup C) = (A \cap B) \cup (A \cap C)$ [বন্টন বিধি]
 - প্রতিজ্ঞা-৮ :
(i) $(A \cup B)' = A' \cap B'$
(ii) $(A \cap B)' = A' \cup B'$ [দ্যা মরগানের সূত্র]
 - প্রতিজ্ঞা-৯ : $A \setminus B = A \cap B'$
 - প্রতিজ্ঞা-১০ : (ক) $A \times (B \cap C) = (A \times B) \cap (A \times C)$
(খ) $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$

- একটি সেটের প্রতিটি উপাদানের সাথে অপর সেটের একটি ও কেবল একটি উপাদানের মিল স্থাপন করা গেলে তবে সেটদ্বয়ের মধ্যে এক-এক মিল বিদ্যমান।
- দুইটি সেটের এক-এক মিল থাকলে সেট দুইটি সমতুল সেট।
- সান্ত সেটের সদস্য সংখ্যা নির্দিষ্ট কিন্তু অন্ত সেটের সদস্য সংখ্যা অসীম।
- ফাঁকা সেট (ϕ) সান্ত সেট যার উপাদানসংখ্যা শূন্য (0)
- $n(A)$ দ্বারা A এর উপাদান সংখ্যা বোঝায়।
- বাস্তব সংখ্যা সেট ($\mathbb{R}$), মূলদ সংখ্যার সেট ($\mathbb{Q}$), পূর্ণসংখ্যার সেট ($\mathbb{Z}$) ও স্বাভাবিক সংখ্যার সেট ($\mathbb{N}$) সবই অন্ত সেট।
- প্রত্যেক সেট তার নিজের সমতুল।
- A ও B সমতুল সেট এবং এদের মধ্যে একটি সেট সান্ত হলে অপর সেটটিও সান্ত হবে এবং $n(A) = n(B)$
- A সান্ত সেট $B \subset A$ তবে $n(B) < n(A)$
- সেটের সূত্র :
 - A ও B সান্ত সেট হলে $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$
 - A, B ও C নিষেদ সেট হলে
(i) $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$ [$\because n(A \cap B) = 0$]
(ii) $n(A \cup B \cup C) = n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(B \cap C) - n(C \cap A) + n(A \cap B \cap C)$
, B ও C যেকোনো সেটের জন্য :
 - $n(A \cup B \cup C) = n(A) + n(B) + n(C) - n(A \cap B) - n(B \cap C) - n(C \cap A) + n(A \cap B \cap C)$
 - $n(A') = n(U) - n(A)$
- সকল বাস্তব সংখ্যার সেটকে $\mathbb{R}$ দ্বারা প্রকাশ করা হয়। বাস্তব সংখ্যার মধ্যে স্বাভাবিক, পূর্ণ, মূলদ এবং অমূলদ সকল প্রকার সংখ্যাই বিদ্যমান। তাই $\mathbb{R}$ সেটের কয়েকটি উপসেট হচ্ছে-
 - i. সকল স্বাভাবিক সংখ্যার সেট, $\mathbb{N} = \{1, 2, 3, 4, \dots\}$
 - ii. সকল পূর্ণসংখ্যার সেট, $\mathbb{Z} = \{\dots, -2, -1, 0, 1, 2, \dots\}$
 - iii. সকল মূলদ সংখ্যার সেট, $\mathbb{Q} = \left\{ \frac{p}{q} : p, q \in \mathbb{Z} \text{ এবং } q \neq 0 \right\}$
 - iv. সকল অমূলদ সংখ্যার সেট, $\mathbb{Q}' = \mathbb{R} \setminus \mathbb{Q}$ (মূলদ সংখ্যা বাদে সকল বাস্তব সংখ্যার সেট)
এক্ষেত্রে লক্ষণীয়, a. $\mathbb{Q} \cap \mathbb{Q}' = \emptyset$
b. $\mathbb{Q} \cup \mathbb{Q}' = \mathbb{R}$
 - v. $\mathbb{N} \subset \mathbb{Z} \subset \mathbb{Q} \subset \mathbb{R}$



এখানে অধ্যায়টির অনুশীলনী, বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নগুলো বিশ্লেষণ করে স্টার মার্কস সহ সাজেশন দেওয়া হয়েছে। পরীক্ষার আগে অবশ্যই এ অঙ্কগুলো সমাধান করবে। তাহলে পরীক্ষায় যেকোনো অঙ্কের সমাধান সহজেই করতে পারবে।



সাজেশন | বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন নম্বর	
***	২, ৫, ৯, ১২, ১৬, ১৭, ১৯, ২০, ২৮, ৩০, ৩১, ৩৪, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৫২, ৫৬, ৫৭, ৫৯, ৬২, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭২, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮৫, ৮৭, ৯০, ৯১, ৯২, ১০১, ১০৩, ১০৬, ১০৮, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১২৪, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫
**	৩, ৬, ১০, ১১, ১৪, ২১, ২৪, ২৫, ২৭, ৩২, ৪৬, ৪৭, ৪৮, ৫৩, ৫৪, ৬৪, ৬৫, ৯৪, ৯৫, ৯৬, ১০৪, ১০৫, ১১৭, ১১৮, ১২০, ১২১, ১২২, ১২৫



সাজেশন | সৃজনশীল রচনামূলক প্রশ্ন

প্রশ্ন নম্বর	
***	১, ৫, ৭, ১০, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭
**	৩, ৬, ৮, ১১, ১৮

সেট ও ফাংশন

অনুশীলনী-১.২

অনুশীলনীটি পড়ে যা জানতে পারবে—

১. সেটের সাহায্যে রিলেশন ও ফাংশন এর ধারণার ব্যাখ্যা।
২. ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয়।
৩. এক-এক ফাংশন, সার্বিক ফাংশন ও এক এক সার্বিক ফাংশন।
৪. বিপরীত ফাংশন।



১৬টি অনুশীলনীর প্রশ্ন।

১০৬টি বহুনির্বাচনি প্রশ্ন ■ ৩৫টি সাধারণ বহুনির্বাচনি ■ ২২টি বহুপদী সমাপ্তিসূচক ■ ৪৯টি অভিন্ন তথ্যভিত্তিক
৩৪টি সৃজনশীল প্রশ্ন ■ ২টি অনুশীলনী ■ ১০টি শ্রেণির কাজ ■ ১১টি মাস্টার ট্রেনার প্রণীত ■ ১১টি প্রশ্নব্যাংক



অনুশীলনীর সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

১. $((2, 2), (4, 2), (2, 10), (7, 7))$ অঙ্কের ডোমেন কোনটি?

- (ক) $\{2, 4, 7\}$ (খ) $\{2, 2, 10, 7\}$
(গ) $\{2, 2, 10, 7\}$ (ঘ) $\{2, 4, 2, 5, 7\}$

২. $S = \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } y = x^2\}$ এবং
 $A = \{-2, -1, 0, 1, 2\}$ নিচের কোনটি S অঙ্কের সদস্য?

- (ক) $(2, 4)$ (খ) $(-2, 4)$
(গ) $(-1, 1)$ (ঘ) $(1, -1)$

☞ ব্যাখ্যা: $y = x^2$ -তে $x = -1$ বসালে $y = (-1)^2 = 1$
 $\therefore (x, y) = (-1, 1) \in S$.

৩. যদি $S = \{(1, 4), (2, 1), (3, 0), (4, 1), (5, 4)\}$ হয় তবে,

- (i) S অঙ্কের রেঞ্জ $S = \{4, 1, 0, 4\}$
(ii) S অঙ্কের বিপরীত অঙ্ক,
 $S^{-1} = \{(4, 1), (1, 2), (0, 3), (1, 4), (4, 5)\}$
(iii) S অঙ্কটি একটি ফাংশন

উপরের তথ্যের আলোকে নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

☞ ব্যাখ্যা: (i) সঠিক নয়, কারণ S অঙ্কের রেঞ্জ $\{4, 1, 0\}$
(ii) সঠিক, কারণ $S^{-1} = \{(4, 1), (1, 2), (0, 3), (1, 4), (4, 5)\}$
(iii) সঠিক, কারণ S অঙ্কের একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই।

নিচের তথ্যের আলোকে নিচের (৪-৬) নং প্রশ্নের উত্তর দাও:

যদি $F(x) = \sqrt{x-1}$ হয়, তবে—

☞ ৪. $F(10) =$ কত?

- (ক) 9 (খ) 3
(গ) -3 (ঘ) $\sqrt{10}$

☞ ব্যাখ্যা: $F(x) = \sqrt{x-1} \Rightarrow F(10) = \sqrt{10-1} = 3$

☞ ৫. $F(x) = 5$ হলে, x এর মান কত?

- (ক) 5 (খ) 24
(গ) 25 (ঘ) 26

☞ ব্যাখ্যা: $F(x) = \sqrt{x-1}$

$$\therefore 5 = \sqrt{x-1}$$

$$\Rightarrow 25 = x-1$$

$$\therefore x = 26$$

☞ ৬. ফাংশনটির ডোমেন নিচের কোনটি?

- (ক) ডোম $F = \{x \in \mathbb{R} : x \neq 1\}$
(খ) ডোম $F = \{x \in \mathbb{R} : x \geq 1\}$
(গ) ডোম $F = \{x \in \mathbb{R} : x \leq 1\}$
(ঘ) ডোম $F = \{x \in \mathbb{R} : x > 1\}$

☞ ব্যাখ্যা: $F(x) = \sqrt{x-1}$

$F(x)$ সংজ্ঞায়িত হবে যদি এবং কেবল যদি
 $x-1 \geq 0$
 $x \geq 1$
 $\therefore$ ডোম $F = \{x \in \mathbb{R} : x \geq 1\}$



অনুশীলনী প্রশ্ন ও সমাধান

৭. (a) প্রদত্ত S অঙ্কের ডোমেন, রেঞ্জ ও বিপরীত অঙ্ক নির্ণয় কর।

(b) S অথবা S^{-1} ফাংশন কিনা তা নির্ধারণ কর।

(c) ফাংশনগুলো এক-এক কিনা?

(ক) $S = \{(1, 5), (2, 10), (3, 15), (4, 20)\}$

(খ) $S = \{(-3, 8), (-2, 3), (-1, 0), (0, -1), (1, 0), (2, 3), (3, 8)\}$

(গ) $S = \left\{\left(\frac{1}{2}, 0\right), (1, 1), (1, -1), \left(\frac{5}{2}, 2\right), \left(\frac{5}{2}, -2\right)\right\}$

(ঘ) $S = (-3, -3), (-1, -1), (0, 0), (1, 1), (3, 3)$

(ঙ) $S = \{(2, 1), (2, 2), (2, 3)\}$

সমাধান:

(ক) (a) এখানে, $S = \{(1, 5), (2, 10), (3, 15), (4, 20)\}$

ডোম $S = \{1, 2, 3, 4\}$


রেঞ্জ $S = \{5, 10, 15, 20\}$

$S^{-1} = \{(5, 1), (10, 2), (15, 3), (20, 4)\}$

- (b) এখন, S এর একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই। সুতরাং S একটি ফাংশন।
আবার S^{-1} অস্ত্রেরও একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই।

$\therefore S^{-1}$ অস্ত্রটিও ফাংশন।

- (c) $S = \{(1, 5), (2, 10), (3, 15), (4, 20)\}$




ডোম S

রেঞ্জ S

S ফাংশনের ডোমেনের ভিন্ন ভিন্ন সদস্যের প্রতিচ্ছবি ভিন্ন ভিন্ন।

$\therefore S$ এক-এক ফাংশন।

আবার, $S^{-1} = \{(5, 1), (10, 2), (15, 3), (20, 4)\}$



ডোম S^{-1}

রেঞ্জ S^{-1}


S^{-1} ফাংশনের ডোমেনের ভিন্ন ভিন্ন সদস্যের প্রতিচ্ছবি ভিন্ন ভিন্ন।

$\therefore S^{-1}$ এক-এক ফাংশন।

- (খ) (a) এখানে,
 $S = \{(-3, 8), (-2, 3), (-1, 0), (0, -1), (1, 0), (2, 3), (3, 8)\}$
ডোম $S = \{-3, -2, -1, 0, 1, 2, 3\}$
রেঞ্জ $S = \{-1, 0, 3, 8\}$
 $S^{-1} = \{(8, -3), (3, -2), (0, -1), (-1, 0), (0, 1), (3, 2), (8, 3)\}$

- (b) এখন S এর একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই।
 $\therefore S$ একটি ফাংশন।
কিন্তু S^{-1} এর একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় আছে। যেমন: $(0, -1)$ এবং $(0, 1)$
 $\therefore S^{-1}$ ফাংশন নয়।

- (c) $S = \{(-3, 8), (-2, 3), (-1, 0), (0, -1), (1, 0), (2, 3), (3, 8)\}$




ডোম S

রেঞ্জ S

এই ফাংশনের একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই। কিন্তু একই দ্বিতীয় উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় আছে। যেমন: $(-3, 8)$ ও $(3, 8)$ । সুতরাং এটি এক-এক ফাংশন নয়।

$\therefore S$ এক-এক ফাংশন নয়।

আবার, $S^{-1} = \{(8, -3), (3, -2), (0, -1), (-1, 0), (0, 1), (3, 2), (8, 3)\}$



ডোম S^{-1}

রেঞ্জ S^{-1}

S^{-1} এ একই প্রথম উপাদান বিশিষ্ট $(0, -1)$ ও $(0, 1)$ ক্রমজোড় আছে। কাজেই এটি ফাংশন নয়। সুতরাং এটি এক-এক ফাংশন নয়।

- (গ) (a) এখানে, $S = \left\{ \left(\frac{1}{2}, 0 \right), (1, 1), (1, -1), \left(\frac{5}{2}, 2 \right), \left(\frac{5}{2}, -2 \right) \right\}$

$$\text{ডোম } S = \left\{ \frac{1}{2}, 1, \frac{5}{2} \right\}$$

$$\text{রেঞ্জ } S = \{-2, -1, 0, 1, 2\}$$

$$S^{-1} = \left\{ \left(0, \frac{1}{2} \right), (1, 1), (-1, 1), \left(2, \frac{5}{2} \right), \left(-2, \frac{5}{2} \right) \right\}$$

- (b) S এর একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় আছে, যেমন: $(1, 1)$ এবং $(1, -1)$ ।
 $\therefore S$ ফাংশন নয়।


S^{-1} এর একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই।

সুতরাং S^{-1} ফাংশন।

- (c) $S = \left\{ \left(\frac{1}{2}, 0 \right), (1, 1), (1, -1), \left(\frac{5}{2}, 2 \right), \left(\frac{5}{2}, -2 \right) \right\}$

যেহেতু S ফাংশন নয় তাই S এক-এক ফাংশন নয়।

$$S^{-1} = \left\{ \left(0, \frac{1}{2} \right), (1, 1), (-1, 1), \left(2, \frac{5}{2} \right), \left(-2, \frac{5}{2} \right) \right\}$$



ডোম S^{-1}

রেঞ্জ S^{-1}

S^{-1} ফাংশনটির একই দ্বিতীয় উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় রয়েছে, যেমন- $(1, 1)$ ও $(-1, 1)$

সুতরাং S^{-1} ফাংশনটি এক-এক নয়।

[বিঃদ্র: পাঠ্যবইয়ের উত্তরে ভুল আছে।]

- (ঘ) (a) এখানে, $S = \{(-3, -3), (-1, -1), (0, 0), (1, 1), (3, 3)\}$

$$\text{ডোম } S = \{-3, -1, 0, 1, 3\}$$

$$\text{রেঞ্জ } S = \{-3, -1, 0, 1, 3\}$$


$$S^{-1} = \{(-3, -3), (-1, -1), (0, 0), (1, 1), (3, 3)\}$$

- (b) S এর একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই।
সুতরাং S একটি ফাংশন।

S^{-1} এরও একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই।

সুতরাং S^{-1} একটি ফাংশন।

- (c) $S = \{(-3, -3), (-1, -1), (0, 0), (1, 1), (3, 3)\}$




ডোম S

রেঞ্জ S

S ফাংশনের ডোমেনের ভিন্নভিন্ন সদস্যের প্রতিচ্ছবি ভিন্ন।

সুতরাং, S এক-এক ফাংশন।

$$S^{-1} = \{(-3, -3), (-1, -1), (0, 0), (1, 1), (3, 3)\}$$

ডোম S^{-1} রেঞ্জ S^{-1}

S^{-1} ফাংশনের ডোমেনের ভিন্নভিন্ন সদস্যের প্রতিচ্ছবি ভিন্ন।
সুতরাং, S^{-1} এক-এক ফাংশন।


(গ) (a) এখানে, $S = \{(2, 1), (2, 2), (2, 3)\}$

ডোম = $\{2\}$ রেঞ্জ = $\{1, 2, 3\}$ $S^{-1} = \{(1, 2), (2, 2), (3, 2)\}$

(b) এখন, S এর একই প্রথম উপাদানবিশিষ্ট একাধিক ক্রমজোড় আছে। যেমন: $(2, 1)$ এবং $(2, 2)$

সুতরাং S ফাংশন নয়। S^{-1} এর একই প্রথম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় নেই।সুতরাং S^{-1} ফাংশন।

(c) এখানে, S ফাংশন নয় তাই এক-এক নয়।

ডোম S^{-1} রেঞ্জ S^{-1}

S^{-1} ফাংশনটির একই দ্বিতীয় উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় রয়েছে। যেমন- $(1, 2)$, $(2, 2)$ ও $(3, 2)$ ।

সুতরাং S^{-1} ফাংশনটি এক-এক নয়।

৮. $F(x) = \sqrt{x-1}$ দ্বারা বর্ণিত ফাংশনের জন্য—

(ক) $F(1)$, $F(5)$ এবং $F(10)$ নির্ণয় কর।(খ) $F(a^2 + 1)$ নির্ণয় কর, যেখানে $a \in \mathbb{R}$ ।(গ) $F(x) = 5$ হলে, x নির্ণয় কর।(ঘ) $F(x) = y$ হলে, x নির্ণয় কর, যেখানে $y \geq 0$ ।

সমাধান:

(ক) দেওয়া আছে, $F(x) = \sqrt{x-1}$

$$F(1) = \sqrt{1-1} = \sqrt{0} = 0$$

$$F(5) = \sqrt{5-1} = \sqrt{4} = 2$$

$$F(10) = \sqrt{10-1} = \sqrt{9} = 3$$

Ans. 0, 2, 3

(খ) দেওয়া আছে, $F(x) = \sqrt{x-1}$

$$F(a^2 + 1) = \sqrt{a^2 + 1 - 1} = \sqrt{a^2} = |a|$$

Ans. $|a|$ (গ) দেওয়া আছে, $F(x) = \sqrt{x-1}$

$$\text{এবং } F(x) = 5$$

$$\therefore \sqrt{x-1} = 5$$

$$\text{বা, } x-1 = 25 \text{ [বর্গ করে]}$$

$$\therefore x = 25 + 1 = 26$$

Ans. 26

(ঘ) দেওয়া আছে, $F(x) = \sqrt{x-1}$

$$\text{এবং } F(x) = y$$

$$\therefore \sqrt{x-1} = y$$

$$\text{বা, } x-1 = y^2 \text{ [বর্গ করে]}$$

$$\therefore x = 1 + y^2$$

Ans. $1 + y^2$ ৯. $F: \mathbb{R} \rightarrow \mathbb{R}$, $F(x) = x^2$ ফাংশনের জন্য—(ক) ডোম F এবং রেঞ্জ F নির্ণয় কর।(খ) দেখাও যে, F এক-এক ফাংশন নয়।সমাধান: দেওয়া আছে, $F: \mathbb{R} \rightarrow \mathbb{R}$, $F(x) = x^2$ (ক) $F(x) = x^2$ এখানে, x এর সকল মানের জন্য $F(x)$ সংজ্ঞায়িত।অতএব, ডোম $F = \mathbb{R}$ ।এখানে, x এর সকল মানের জন্য $F(x)$ এর মান $\mathbb{R}_+$ হয়।এবং রেঞ্জ $F = \mathbb{R}_+$ ।উত্তর: ডোম $F = \mathbb{R}$ এবং রেঞ্জ $F = \mathbb{R}_+$ ।(খ) দেওয়া আছে, $F: \mathbb{R} \rightarrow \mathbb{R}$, $F(x) = x^2$ ধরি, $x_1, x_2 \in \text{ডোম } F$ যেখানে $x_1 \neq x_2$ এখন, $F(x_1) = F(x_2)$ এর জন্য F এক-এক ফাংশন হবে কেবল এবং কেবল যদি $x_1 = x_2$ হয়।

$$\therefore F(x_1) = x_1^2 \text{ এবং } F(x_2) = x_2^2$$

$$\therefore F(x_1) = F(x_2) \Rightarrow x_1^2 = x_2^2$$

$$\therefore x_1 = \pm x_2$$

অর্থাৎ $x_1 \neq x_2$ $\therefore F$ এক-এক ফাংশন নয়।

১০. (ক) $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ একটি ফাংশন যা $f(x) = ax + b$; $a, b \in \mathbb{R}$ দ্বারা সংজ্ঞায়িত হলে দেখাও যে, f এক-এক এবং অনটু।

(খ) $f: [0, 1] \rightarrow [0, 1]$ ফাংশনটি $F(x) = \sqrt{1-x^2}$ দ্বারা সংজ্ঞায়িত, তবে দেখাও যে, f এক-এক এবং অনটু।

সমাধান:

(ক) দেওয়া আছে, $f(x) = ax + b$ ধরি, $x_1, x_2 \in \text{ডোম } f$ এখন, $f(x_1) = f(x_2)$ এর জন্য f এক-এক ফাংশন হবে যদি এবং কেবল যদি $x_1 = x_2$ হয়।

$$\text{এখন, } f(x_1) = ax_1 + b \text{ এবং } f(x_2) = ax_2 + b$$

$$\therefore f(x_1) = f(x_2)$$

$$\text{বা, } ax_1 + b = ax_2 + b$$

$$\text{বা, } ax_1 = ax_2$$

$$\therefore x_1 = x_2$$

অতএব, প্রদত্ত ফাংশন এক-এক ফাংশন।

আবার, $y \in \mathbb{R}$ যেকোন প্রদত্ত সংখ্যা হলে,

$$\text{ধরি, } y = ax + b = f(x)$$

$$\text{বা, } ax = y - b$$

$$x = \frac{y-b}{a}$$

$$f\left(\frac{y-b}{a}\right) = a \cdot \frac{y-b}{a} + b = y - b + b = y$$

$$f\left(\frac{y-b}{a}\right) = y = f(x)$$

 $\therefore$ ফাংশনটি অনটু বা সার্বিক।

সুতরাং ফাংশনটি এক-এক এবং অনটু। (দেখানো হলো)

(খ) $F(x) = \sqrt{1-x^2}$

এখন, $F(a) = \sqrt{1-a^2}$ এবং $F(b) = \sqrt{1-b^2}$

যদি $F(a) = F(b)$ হয়, তবে

$$\sqrt{1-a^2} = \sqrt{1-b^2}$$

বা, $1-a^2 = 1-b^2$

বা, $-a^2 = -b^2$

বা, $a^2 = b^2$

বা, $a = b$

অতএব, প্রদত্ত ফাংশন F এক-এক ফাংশন।

আবার, $y \in [0, 1]$ যেকোনো সংখ্যা হলে,

ধরি, $y = \sqrt{1-x^2} = f(x)$

বা, $y^2 = 1-x^2$

বা, $x^2 = 1-y^2$

$\therefore x = \sqrt{1-y^2}$

$$\begin{aligned} f(\sqrt{1-y^2}) &= \sqrt{1-(\sqrt{1-y^2})^2} \\ &= \sqrt{1-(1-y^2)} \\ &= \sqrt{1-1+y^2} \\ &= \sqrt{y^2} \\ &= y = f(x) \end{aligned}$$

$\therefore$ ফাংশনটি অনটু

সুতরাং f এক-এক ও অনটু। (সেখানে হলো)

১১. যদি $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ এবং $g: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ ফাংশন হয় $f(x) = x^3 + 5$ এবং

$g(x) = (x-5)^{\frac{1}{3}}$ দ্বারা সংজ্ঞায়িত হয়, তবে দেখাও যে, $g = f^{-1}$ ।

সমাধান: দেওয়া আছে, $f(x) = x^3 + 5$

এবং $g(x) = (x-5)^{\frac{1}{3}}$

ধরি, $y = f(x) \therefore x = f^{-1}(y)$

$\Rightarrow y = x^3 + 5$

$\Rightarrow x^3 = y - 5$

$\Rightarrow x = (y-5)^{\frac{1}{3}}$

$\Rightarrow f^{-1}(y) = (y-5)^{\frac{1}{3}}$

$\Rightarrow f^{-1}(x) = (x-5)^{\frac{1}{3}}$

$\Rightarrow f^{-1}(x) = g(x)$

$\therefore g = f^{-1}$ (সেখানে হলো)

১২. $\mathbb{R}$ বাস্তব সংখ্যার সেট হলে এবং $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ ফাংশনটি

$f(x) = x^2 - x - 2$ দ্বারা প্রদত্ত হলে $f^{-1}([-2, 0])$ এবং $f^{-1}(\{0\})$ নির্ণয় কর।

সমাধান: এখানে, $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ যেখানে $f(x) = x^2 - x - 2$

মনে করি, $f^{-1}([-2, 0]) = x$

বা, $[-2, 0] = f(x)$

বা, $x^2 - x - 2 = [-2, 0]$

এখন, $x^2 - x - 2 \geq -2$ এবং $x^2 - x - 2 \leq 0$

বা, $x^2 - x - 2 + 2 \geq 0$ বা, $x^2 - 2x + x - 2 \leq 0$

বা, $x(x-1) \geq 0$ বা, $x(x-2) + 1(x-2) \leq 0$

$\therefore x(x-1) \geq 0 \dots (1) \therefore (x-2)(x+1) \leq 0 \dots (2)$

(1) নং সত্য হবে যদি এবং কেবল যদি x ও $(x-1)$ উভয়ই ধনাত্মক অথবা উভয়ই ঋণাত্মক হয়।

$x-1 \geq 0$ বা, $x \geq 1$ হলে x ও $(x-1)$ উভয়ই ধনাত্মক

$x \leq 0$ হলে x ও $(x-1)$ উভয়ই ঋণাত্মক।

$\therefore x \geq 1$ অথবা $x \leq 0$ হলে (1) নং সত্য হবে।

আবার, (2) নং সত্য হবে যদি এবং কেবল যদি $(x-2)$ ও $(x+1)$ এর একটি ধনাত্মক ও একটি ঋণাত্মক হয়।

$x-2 \geq 0$ বা, $x \geq 2$ হলে $x-2 \geq 0$ ও $x+1 \geq 0$

$x+1 \leq 0$ বা, $x \leq -1$ হলে $x-2 \leq 0$ ও $x+1 \leq 0$

$x-2 \leq 0$ বা, $x \leq 2$ হলে, $x-2 \leq 0$ ও $x+1 \geq 0$

$-1 \leq x \leq 2$ হলে $x-2 \leq 0$ অথবা $x+1 \geq 0$

(1) ও (2) নং উভয়ই সত্য হবে যদি এবং কেবল যদি

$-1 \leq x \leq 0$ এবং $1 \leq x \leq 2$

$\therefore f^{-1}([-2, 0]) = \{x \in \mathbb{R} : 1 \leq x \leq 2 \text{ অথবা, } -1 \leq x \leq 0\}$

এবং মনে করি, $f^{-1}(\{0\}) = x$

বা, $f(x) = \{0\}$

বা, $x^2 - x - 2 = 0$

বা, $x^2 - 2x + x - 2 = 0$

বা, $x(x-2) + 1(x-2) = 0$

বা, $(x-2)(x+1) = 0$

$\therefore x = -1, 2$

$\therefore f^{-1}(\{0\}) = \{x \in \mathbb{R} : -1 \leq x \leq 2\}$

১৩. S অক্ষের লেখচিত্র অঙ্কন কর এবং অক্ষটি কাশন কি না তা লেখচিত্র থেকে নির্ণয় কর যেখানে:

(ক) $S = \{(x, y) : 2x - y + 5 = 0\}$

(খ) $S = \{(x, y) : x + y = 1\}$

(গ) $S = \{(x, y) : 3x + y = 4\}$

(ঘ) $S = \{(x, y) : x = -2\}$

সমাধান:

(ক) S -এর বর্ণনাকারী সমীকরণ,


$2x - y + 5 = 0$

বা, $y = 2x + 5$ থেকে x ও y এর কয়েকটি সংশ্লিষ্ট মান নিয়ে লেখচিত্র নির্ণয় করা হলো—

x	0	1	-1	2	-2
$y = 2x + 5$	5	7	3	9	1

$\therefore L = \{(0, 5), (1, 7), (-1, 3), (2, 9), (-2, 1)\} \subset S$

এখন L -এর লেখ অঙ্কন করে বিন্দুগুলোকে সরলরেখা দ্বারা যুক্ত করলেই S এর লেখ পাওয়া যাবে। নিম্নে তা দেখানো হলো—



লেখ চিত্রে y -অক্ষের সমান্তরাল কোনো রেখার ওপর S এর দুইটি বিন্দু নেই। সুতরাং এটি একটি ফাংশন।

(খ) S-এর বর্ণনাকারী সমীকরণ,

$$x + y = 1$$


বা, $y = 1 - x$ থেকে x ও y এর কয়েকটি সংশ্লিষ্ট মান নিয়ে ছকে নির্ণয় করা হলো—

x	0	1	-2	-3	-4
$y = 1 - x$	1	0	3	4	5

$$\therefore L = \{(0, 1), (1, 0), (-2, 3), (-3, 4), (-4, 5)\} \subset S$$

L-এর লেখ একে বিন্দুগুলোকে সরলরেখা দ্বারা যুক্ত করলেই S এর লেখ পাওয়া যাবে।

নিম্নে তা দেখানো হলো—



লেখচিত্রে y-অক্ষের সমান্তরাল কোনো রেখায় S-এর দুইটি বিন্দু নেই।

সুতরাং S একটি ফাংশন।

(গ) S-এর বর্ণনাকারী সমীকরণ,

$$3x + y = 4$$


বা, $y = 4 - 3x$ থেকে x ও y এর কয়েকটি সংশ্লিষ্ট মান নিয়ে ছকে দেখানো হলো—

x	0	1	2	-1	3
$y = 4 - 3x$	4	1	-2	7	-5

$$\therefore L = \{(0, 4), (1, 1), (2, -2), (-1, 7), (3, -5)\} \subset S$$

L-এর লেখ একে বিন্দুগুলোকে সরলরেখা দ্বারা যুক্ত করলেই S এর লেখ পাওয়া যাবে।

নিম্নে তা দেখানো হলো—




লেখচিত্রে y-অক্ষের সমান্তরাল কোনো রেখায় ওপর S এর দুইটি বিন্দু নেই। সুতরাং S একটি ফাংশন।

(ঘ) S-এর বর্ণনাকারী সমীকরণ,

$x = -2$ তে y যুক্ত কোনো পদ নেই। y এর মান যাই হোক না কেন x -এর মান সর্বদাই -2 ।

S অক্ষের লেখচিত্র হলো y-অক্ষের সমান্তরাল রেখা যা মূলবিন্দু হতে 2 একক বামে অবস্থিত।



লেখচিত্রে y-অক্ষের সমান্তরাল রেখার উপর অসংখ্য বিন্দু আছে। সুতরাং S অক্ষটি ফাংশন নয়।

১৪. S অক্ষের লেখচিত্র অঙ্কন কর এবং অক্ষটি ফাংশন কিনা তা লেখচিত্র থেকে নির্ণয় কর দেখানো:

(ক) $S = \{(x, y) : x^2 + y^2 = 25\}$


(খ) $S = \{(x, y) : x^2 + y^2 = 9\}$

সমাধান:

(ক) S-এর বর্ণনাকারী সমীকরণ, $x^2 + y^2 = 25$,

$$\text{বা, } (x - 0)^2 + (y - 0)^2 = 5^2$$

$\therefore$ S-এর লেখ একটি বৃত্ত যার কেন্দ্র (0, 0) এবং ব্যাসার্ধ 5. ছক কাগজে (0, 0) বিন্দু পাতন করে একে কেন্দ্র করে 5 একক ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকলেই S-এর লেখ পাওয়া যাবে। নিম্নে তা দেখানো হলো।



লেখচিত্রে দেখা যায় y- অক্ষের ওপর দুইটি বিন্দু (0, 5) ও (0, -5) অবস্থিত। সুতরাং, S একটি ফাংশন নয়।

(খ) S-এর বর্ণনাকারী সমীকরণ,


$$x^2 + y^2 = 9$$

$$\text{বা, } (x - 0)^2 + (y - 0)^2 = 3^2$$

∴ S-এর লেখ একটি বৃত্ত


যার কেন্দ্র (0, 0) ও ব্যাসার্ধ 3. এখন (0, 0) বিন্দু পাতন করে 3 একক ব্যাসার্ধ নিয়ে বৃত্ত আঁকলেই S-এর লেখ পাওয়া যাবে। নিম্নে তা দেখানো হলো –

লেখচিত্রে, দেখা যায়, y-অক্ষের সমান্তরাল কোনো রেখার ওপর লেখের দুইটি বিন্দু যথা (0, 3), (0, -3) অবস্থিত। সুতরাং S ফাংশন নয়।



১৫. A = {-2, -1, 0, 1, 2} এবং B = {2, 3, 5, 7}

A সেটের কয়েকটি উপাদানের সাথে B সেটের উপাদানগুলোকে অধিত করে নিম্নের চিত্রে দেখানো হলো :



(ক) গঠিত অসম্পূর্ণ D হলে, D এর মান ক্রমজোড়ের মাধ্যমে প্রকাশ কর।

(খ) $S = \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } x = y^2\}$ অসম্পূর্ণকে তালিকা পদ্ধতিতে বর্ণনা করে ডোম S এবং রেঞ্জ S নির্ণয় কর।

(গ) উপরে বর্ণিত অসম্পূর্ণের লেখচিত্র অঙ্কন কর এবং অসম্পূর্ণটি ফাংশন কিনা তা লেখচিত্র হতে নির্ণয় কর।

১৫ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, A = {-2, -1, 0, 1, 2} এবং B = {2, 3, 5, 7}

$$\therefore D = \{(-2, 2), (-2, 5), (-1, 2), (0, 3)\}$$

খ $S = \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } x = y^2\}$
 $= \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } y = \pm\sqrt{x}\}$

$$\text{এখন, } y = \pm\sqrt{x}$$

-2 ও -1 এর জন্য y এর মান অবাস্তব

$$x = 0 \text{ হলে, } y = 0 \in A \therefore (0, 0) \in S$$

$$x = 1 \text{ হলে, } y = \pm 1 \in A \therefore (1, 1), (1, -1) \in S$$

$$x = 2 \text{ হলে, } y = \pm\sqrt{2} \notin A \therefore (2, \pm\sqrt{2}) \notin S$$


$$\therefore S = \{(0, 0), (1, 1), (1, -1)\}$$

$$\therefore \text{ডোম } S = \{0, 1\}$$

$$\text{রেঞ্জ } S = \{0, 1, -1\}$$

খ 'খ' এ প্রাপ্ত অসম্পূর্ণ, $S = \{(0, 0), (1, 1), (1, -1)\}$

X-অক্ষ বরাবর 5 ঘর = 1 একক এবং Y-অক্ষ বরাবর 5 ঘর = 1 একক ধরে প্রাপ্ত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে প্রদত্ত অসম্পূর্ণের লেখচিত্র পাওয়া যায়।



যেহেতু $x = 1$ এর দুটি ইমেজ বা প্রতিচ্ছবি যথা 1, -1 পাওয়া যায়। সুতরাং S অসম্পূর্ণটি ফাংশন নয়।

১৬. $F(x) = 2x - 1$

ক. $F(x + 1)$ এবং $F\left(\frac{1}{2}\right)$ এর মান নির্ণয় কর।

খ. $F(x)$ ফাংশনটি এক-এক কিনা তা নির্ণয় কর, যখন $x, y \in \mathbb{N}$

গ. $F(x) = y$ হলে x এর তিনটি মান নির্ণয় কর, যখন $x, y \in \mathbb{N}$ এবং $y = 2x - 1$ সমীকরণটির লেখচিত্র অঙ্কন কর।

১৬ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $F(x) = 2x - 1$

$$\therefore F(x + 1) = 2(x + 1) - 1$$

$$= 2x + 2 - 1$$

$$= 2x + 1$$

$$\text{এবং } F\left(\frac{1}{2}\right) = 2 \cdot \frac{1}{2} - 1 = 1 - 1 = 0$$

$$\text{উত্তর : } 2x + 1; 0$$

খ দেওয়া আছে, $F(x) = 2x - 1$

ধরি, $a, b \in \text{ডোম } F$, যেখানে $a \neq b$

এখন, $F(a) = F(b)$ এর জন্য

যদি ও কেবল যদি $a = b$ হয়, তবে F ফাংশনটি এক-এক হবে।

$$\therefore F(a) = 2a - 1 \text{ এবং } F(b) = 2b - 1$$

$$\begin{aligned} \text{এখন, } F(a) &= F(b) \\ \Rightarrow 2a - 1 &= 2b - 1 \\ \Rightarrow 2a &= 2b \\ \therefore a &= b \end{aligned}$$

সুতরাং ফাংশনটি এক-এক।

গ) $F(x) = y$

বা, $F(x) = 2x - 1 = y$ [$\because y = 2x - 1$]

বা, $2x = y + 1$

$$x = \frac{1}{2}(y + 1)$$

এখন, $y = 1$ হলে, $x = \frac{1}{2}(1 + 1) = \frac{1}{2} \times 2 = 1$


$y = 3$ হলে, $x = \frac{1}{2}(3 + 1) = \frac{1}{2} \times 4 = 2$

$y = 5$ হলে, $x = \frac{1}{2}(5 + 1) = \frac{1}{2} \times 6 = 3$

$\therefore x$ এর তিনটি মান 1, 2, 3

এখানে ক্রমজোড় তিনটি (1, 1), (2, 3), (3, 5)

এখানে, x -অক্ষ বরাবর 2 বর্গ ঘর = 1 একক এবং y -অক্ষ বরাবর 2 বর্গ ঘর = 1 একক ধরে প্রাপ্ত ক্রমজোড় বিন্দুগুলোকে ছক কাগজে স্থাপন করে সংযোগ করে $y = 2x - 1$ সমীকরণের লেখচিত্র পাওয়া যায়।



মাস্টার ট্রেনার প্রণীত সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

*** অসর এবং ফাংশন | Text পৃষ্ঠা-২৬

- A সেট হতে B সেটের অসর R দুইটি শর্ত পালন করে। R অবশ্যই $A \times B$ এর একটি উপসেট হবে। R এর ক্রমজোড়গুলোর প্রথম উপাদান A সেটের উপসেট হবে এবং দ্বিতীয় উপাদান B সেটের উপসেট হবে।
- কোন অসরে একই 1ম উপাদান বিশিষ্ট একাধিক ক্রমজোড় না থাকে তবে ঐ অসরকে ফাংশন বলে।
- প্রত্যেক ফাংশন অসর কিন্তু প্রত্যেক অসর ফাংশন নয়।
- $y = f(x)$ ফাংশনে x এর যে সকল মানের জন্য $f(x)$ সংজ্ঞায়িত, x এর সেই মানগুলো ডোমেন এবং ডোমেন x এর জন্য $f(x)$ এর যে সকল বাস্তব মান পাওয়া যায় সেই মানগুলো রেঞ্জ।

১. নিচের কোনটি একটি ফাংশন? (মধ্যম)


- ক) $A = \{(1, 2), (1, 5), (0, 0)\}$
 খ) $B = \{(2, 3), (2, 5), (2, 7)\}$
 গ) $C = \{(0, 2), (0, 6), (2, 3)\}$
 ঘ) $D = \{(-2, 2), (2, 2), (1, 1), (0, 3)\}$

২. ব্যাখ্যা: ক্রমজোড়ের প্রথম উপাদানগুলো ভিন্ন ভিন্ন হলে তা একটি ফাংশন নির্দেশ করে।


৩. যদি $T = \{(0, 0), (2, 4), (-1, 3), (3, 4)\}$ একটি ফাংশন হয়, তবে নিচের কোনটি T এর ডোমেন? (সহজ)

- ক) $\{0, -1, 4, 3\}$ খ) $\{0, 2, 4, 3\}$
 গ) $\{0, 2, -1, 3\}$ ঘ) $\{2, 4, -1, 3\}$

৪. নিচের কোন অসরটি ফাংশন নয়? (মধ্যম) [অনুদা সরকারী উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া]



৫. নিচের কোন চিত্রটি একটি ফাংশন কে প্রকাশ করে? (সহজ)



৬. $F(x) = \sqrt{1-x}$; $x \in \mathbb{R}$, নিচের কোনটির জন্য $F(x)$ অসংজ্ঞায়িত? (মধ্যম) [অনুদা সরকারী উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া; বর্ডার পার্চ পাবলিক স্কুল এড কলেজ, সিলেট]

- ক) $x = 2$ খ) $x \leq -1$
 গ) $x \leq 1$ ঘ) $x = 1$

৭. $F(x) = \sqrt{1-x}$; $x \in \mathbb{R}$, ফাংশনের ক্ষেত্রে x এর কোন মানটি ডোমেনের বহির্ভূত? (মধ্যম) [বি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা; কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর]

- ক) 2 খ) 1 গ) 0 ঘ) -3

৮. $F(x) = \sqrt{x-1}$; $x \in \mathbb{R}$ যদি ও কেবল যদি (সহজ)

[সরকারি কেরেনশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]

- ক) $x \leq 1$ খ) $x > 1$ গ) $x \geq 1$ ঘ) $x < 1$

৯. ব্যাখ্যা: $F(x)$ সংজ্ঞায়িত হবে যদি ও কেবল যদি $x - 1 \geq 0$ হয় অর্থাৎ $x \geq 1$

১০. $F(x) = (x-1)^2$ হলে, ডোম F = কত? (সহজ)

- ক) ডোম F = $\{x \in \mathbb{R} : x \geq 1\}$
 খ) ডোম F = $\{x \in \mathbb{R} : x > 1\}$
 গ) ডোম F = $\mathbb{R}$
 ঘ) ডোম F = $\{x \in \mathbb{R} : x \neq 1\}$

৯. $F(x) = \frac{1}{x-2}$ হলে x এর কোন শর্তে $F(x)$ এর বাস্তব মান পাওয়া যাবে? (সহজ) [চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃবিদ্যালয়; মাতৃপীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]

- (ক) $x > 2$ (খ) $x < 2$ (গ) $x \geq 2$ (ঘ) $x \neq 2$

১০. $F(x) = \sqrt{1-x}$; $x \in \mathbb{R}$ দ্বারা বর্ণিত ফাংশনের ক্ষেত্রে x এর কোন মানটি ডোমেনের অন্তর্ভুক্ত হতে পারে? (মধ্যম)

- (ক) 1 (খ) 2 (গ) 3 (ঘ) 4

১১. $F(x) = 2x - 1$ হলে $F\left(\frac{a+1}{2}\right)$ নির্ণয় কর। (সহজ)

- (ক) $-a$ (খ) 0 (গ) a (ঘ) -1

১২. নিচের কোন অক্ষরটি ফাংশন নয়। (কঠিন)

- (ক) $S = \{(x, y) : 2x - y + 5 = 0\}$

- (খ) $S = \{(x, y) : \frac{x}{4} + \frac{y}{3} = 1\}$

- (গ) $S = \{(x, y) : y^2 = x\}$

- (ঘ) $S = \{(x, y) : y = 4\}$

১৩. A সেট থেকে B সেটে S একটি অক্ষর হলো—

i. S-এ অন্তর্ভুক্ত ক্রমজোড়গুলির প্রথম উপাদান সমূহের সেটকে Range বলা হয়।

ii. S-এ অন্তর্ভুক্ত ক্রমজোড়গুলির প্রথম উপাদান সমূহের সেটকে Domain বলা হয়।

iii. S-এ অন্তর্ভুক্ত ক্রমজোড়গুলির দ্বিতীয় উপাদানসমূহের সেটকে Range বলা হয়।

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪. $S = \{(-3, 8), (-2, 3), (-1, 0), (0, -1), (1, 0), (2, 3), (3, 8)\}$ প্রদত্ত S অক্ষর—

i. ডোম $S = \{-3, -2, -1, 0, 1, 2, 3\}$

ii. রেঞ্জ $S = \{8, 3, 0, -1\}$

iii. S অক্ষর ফাংশন নয়।

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. $S \subset A \times B$ হলে—

i. ডোম $S \subset A$

ii. রেঞ্জ $S \subset B$

iii. ডোম $S \subset B$ এবং রেঞ্জ $S \subset A$

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. $F(x) = |x|$ বর্ণিত ফাংশনের জন্য — [জুনা সরকারী উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া; রাজশাহী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ]

i. $F(x) = 4$ হলে, $x = \pm 4$

ii. $F(x) = 0$ হলে, $x = 1$

iii. $F(x) = y$ হলে $x = \pm y$

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের অখ্যের আলোকে (১৭-২০) নং প্রশ্নের উত্তর দাও:

$S = \{(1, 5), (2, 10), (3, 15), (4, 20)\}$

১৭. ডোম $S = ?$ (সহজ) [সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]

- (ক) $\{1, 2, 3, 4\}$ (খ) $\{5, 10, 15, 20\}$

- (গ) $\{1, 2, 3\}$ (ঘ) $\{1, 2, 3, 4, 5\}$

১৮. রেঞ্জ $S = ?$ (সহজ)

- (ক) $\{1, 2, 3, 4\}$ (খ) $\{5, 10, 15, 20\}$

- (গ) $\{1, 2, 3\}$ (ঘ) $\{1, 2, 3, 4, 5\}$

১৯. S^{-1} এর ডোমেন কোনটি (সহজ)

- (ক) $\{1, 2, 3, 4\}$ (খ) $\{5, 10, 15, 20\}$

- (গ) $\{1, 2, 3\}$ (ঘ) $\{1, 2, 3, 4, 5\}$

২০. S^{-1} এর রেঞ্জ কোনটি (মধ্যম)

- (ক) $\{1, 2, 3, 4\}$ (খ) $\{5, 10, 15, 20\}$

- (গ) $\{1, 2, 3\}$ (ঘ) $\{1, 2, 3, 4, 5\}$

নিচের অখ্যের ভিত্তিতে (২১-২৪) নং প্রশ্নের উত্তর দাও:

$S = \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } x - y = 1\}$

যেখানে, $A = \{-2, -1, 0, 1, 2\}$

২১. S অক্ষরের বর্ণনাকারী সমীকরণকে y, x এর মাধ্যমে প্রকাশ করলে কোনটি সঠিক? (সহজ)

- (ক) $y = x - 1$ (খ) $y = x + 1$

- (গ) $y = 1 - x$ (ঘ) $x = y + 1$

২২. প্রত্যেক $x \in A$ এর জন্য y নির্ণয় করলে নিচের কোন ক্রম জোড়টি S এর অন্তর্ভুক্ত? (কঠিন)

- (ক) $(2, 1)$ (খ) $(2, 3)$ (গ) $(-2, 3)$ (ঘ) $(-2, -3)$

২৩. S অক্ষরকে তলিকা পদ্ধতিতে প্রকাশ করলে নিচের কোনটি সঠিক? (কঠিন)

- (ক) $S = \{(-2, -3), (-1, -2), (0, 1)\}$

- (খ) $S = \{(-1, -2), (0, -1), (1, 0), (2, 1)\}$

- (গ) $S = \{(-1, -2), (0, 1), (0, 1), (2, -1)\}$

- (ঘ) $S = \{(-2, -3), (0, -1), (1, 0), (2, 1)\}$

২৪. রেঞ্জ $S =$ কত? (মধ্যম)

- (ক) $\{-3, -2, -1, 0\}$ (খ) $\{-2, -1, 0, 1\}$

- (গ) $\{-2, -1, 0, 3\}$ (ঘ) $\{-1, 0, 1, 2\}$

নিচের অখ্যের আলোকে (২৫-২৬) নং প্রশ্নের উত্তর দাও:

$F(x) = (x-1)^2$

২৫. $F(-5) =$ কত? (সহজ)

- (ক) 0 (খ) 5 (গ) 16 (ঘ) 36

২৬. $F(x) = 100$ হলে x এর মান কত? (মধ্যম)

- (ক) 11 (খ) -9

- (গ) 11 অথবা, -9 (ঘ) -11 অথবা, 9

২৭. ব্যাখ্যা: দেওয়া আছে, $F(x) = 100$

বা, $(x-1)^2 = 10$ বা, $(x-1) = \pm 10$ বা, $x = -9$ বা, 11

নিচের অখ্যের ভিত্তিতে (২৭-২৮) নং প্রশ্নের উত্তর দাও:

R এর $S = \{(x, y) : y = \sqrt{x}\}$ অক্ষর বর্ণিত হলো।

২৭. ডোম $S =$ কত? (মধ্যম)

- (ক) R (খ) R_+ (গ) R_- (ঘ) Z

২৮. রেঞ্জ $S =$ কত? (মধ্যম)

- (ক) R (খ) R_+ (গ) R (ঘ) Q

নিচের অখ্যের ভিত্তিতে (২৯-৩০) নং প্রশ্নের উত্তর দাও:

$F(x) = 2x - 1$ দ্বারা বর্ণিত ফাংশন

২৯. $F(0) + F(2) =$ কত? (মধ্যম) [যশোর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর]

- (ক) -1 (খ) 0 (গ) 2 (ঘ) 3

৩০. $F\left(\frac{a+1}{2}\right) =$ কত? যেখানে, $a \in \mathbb{R}$ (মধ্যম)

- (ক) a (খ) $\frac{1}{a}$ (গ) $a+2$ (ঘ) $a-2$

[যশোর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর]

নিচের অখ্যের ভিত্তিতে (৩১-৩৪) নং প্রশ্নের উত্তর দাও:

$F : \mathbb{R}_+ \rightarrow \mathbb{R}_+$, $F(x) = x^2$ দ্বারা বর্ণিত একটি ফাংশন

৩১. ডোম $F =$ কত? (মধ্যম) [রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]

- (ক) R (খ) R_+

- (গ) $\{x \in \mathbb{R} : x > 1\}$ (ঘ) $\{x \in \mathbb{R} : x \neq 1\}$

৩২. রেঞ্জ F এর মান নিচের কোনটি? (কঠিন)

[রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]

- (ক) $\mathbb{R}$ (খ) $\{x \in \mathbb{R} : x^2 > 1\}$
(গ) $\mathbb{R}_+$ (ঘ) $\{x \in \mathbb{R} : x^2 < 1\}$

৩৩. F^{-1} = কত? (কঠিন) [রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]

- (ক) x^2 (খ) x (গ) $\sqrt{x}$ (ঘ) $\frac{1}{x}$


৩৪. F^{-1} একটি কী? (কঠিন) [ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা; রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]

- (ক) অন্তর (খ) সীমা
(গ) এক-এক ফাংশন (ঘ) ক্রমজোড়

৩৫. ব্যাখ্যা: $F(x) = x^2 \therefore F^{-1}(x) = \sqrt{x}$

$F^{-1} : \mathbb{R}_+ \rightarrow \mathbb{R}_+ : \text{যা একটি এক-এক ফাংশন}$

নিচের অঙ্কের ভিত্তিতে (৩৫-৩৮) নং প্রশ্নের উত্তর দাও:



উপরের চিত্রে $f : x \rightarrow mx + c$ যেকোনো একটি ফাংশন।

৩৬. m এর মান কত? (কঠিন)

- (ক) -15 (খ) -4 (গ) 4 (ঘ) 15

৩৭. ব্যাখ্যা: $f(x) = mx + c$

$$\therefore f : 2 \rightarrow 7 \Rightarrow f(2) = 7 \Rightarrow 2m + c = 7 \dots (i)$$

$$\text{এবং } f : 4 \rightarrow -1 \Rightarrow f(4) = -1 \Rightarrow 4m + c = -1 \dots (ii)$$

$$(i) - (ii) \Rightarrow -2m = 8 \Rightarrow m = -4$$

৩৮. c এর মান কত? (কঠিন)

- (ক) -4 (খ) 4 (গ) 15 (ঘ) 16

৩৯. ব্যাখ্যা: $(2 \times (i) - (ii)) \Rightarrow c = 15$

৪০. f এর অধীনে 5 এর ইমেজ কত? (কঠিন)

- (ক) -5 (খ) 5 (গ) 15 (ঘ) 16

৪১. ব্যাখ্যা: $f(5) = 5m + c = 5 \times (-4) + 15 = -20 + 15 = -5$

৪২. ইমেজ 3 হলে সদস্য সংখ্যা কত? (কঠিন)

- (ক) 3 (খ) 4 (গ) 5 (ঘ) 6

৪৩. ব্যাখ্যা: ধরি x নির্ণয়ে সদস্য সংখ্যা যার ইমেজ 3 তখন $f(x) = 3$
 $\Rightarrow -4x + 15 = 3 \Rightarrow -4x + 12 = 0 \Rightarrow x = 3.$


★ ★ ★ এক-এক ফাংশন | Text পৃষ্ঠা-৩১

- ডোমেনের ভিন্ন ভিন্ন সদস্যের ছবি যদি সর্বদা ভিন্ন হয় তবে তাকে এক-এক ফাংশন বলে। একটি ফাংশন $f : A \rightarrow B$ এক-এক ফাংশন হবে যদি $f(x_1) = f(x_2) \Rightarrow x_1 = x_2$ যেখানে $x_1, x_2 \in A$

৪৪. একটি এক-এক ফাংশনের ক্ষেত্রে ফাংশনটির অধীনে এরা ডোমেনের ভিন্ন ভিন্ন সদস্যের ছবি সর্বদা কীভাবে হয়? (সহজ)

- (ক) একই হয়। (খ) ভিন্ন হয়। (গ) অসীম হয়। (ঘ) ধ্রুপ হয়।

৪৫. নিচের কোনটি এক-এক ফাংশন? (মধ্যম)



৪৬. $f(x) = 3x + 5, x \in \mathbb{R}$ একটি এক-এক ফাংশন হলে, $f^{-1}(1)$ এর মান কত? (মধ্যম)

- (ক) -1 (খ) 1 (গ) 3 (ঘ) 5

৪৭. নিচের কোনটি এক-এক ফাংশন? (মধ্যম) [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ; মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

- (ক) $F(x) = |x|$ (খ) $F(x) = \sqrt{1-x^2}$
(গ) $F(x) = e^x$ (ঘ) $F(x) = x^2$

৪৮. নিচের কোন ফাংশনটি এক-এক নয়? (সহজ) [বরিশাল ক্যাডেট কলেজ, বরিশাল]

- (ক) $F(x) = x^2$ (খ) $F(x) = x$
(গ) $F(x) = x + 1$ (ঘ) $F(x) = x - 1$

৪৯. নিচের কোন ফাংশনটি এক-এক নয়? (মধ্যম) [ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

- (ক) $F(x) = 2x - 1$ (খ) $F(x) = c^x$
(গ) $F(x) = \log x$ (ঘ) $F(x) = |x|$

৫০. একটি ফাংশন এক-এক হবে যদি —

- i. f এর একটি বিপরীত ফাংশন f^{-1} বিদ্যমান থাকে।
ii. $b = f(a)$ বা, $a = f^{-1}(b)$.
iii. $b = f(a)$ বা, $a \neq f^{-1}(b)$.

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫১. যদি $F : \mathbb{R} \rightarrow \mathbb{R}, F(x) = x^2$ একটি ফাংশন হয়, তবে —

- i. F এক-এক ফাংশন।
ii. F এক-এক ফাংশন নয়।
iii. রেঞ্জ $\mathbb{R}_+$.

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫২. $f(x) = x^3$ একটি ফাংশন হলে —

- i. ফাংশনটি এক-এক ফাংশন
ii. ফাংশনটি সার্বিক ফাংশন
iii. ফাংশনটি এক-এক কিন্তু সার্বিক নয়

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৩. ব্যাখ্যা: সকল এক-এক ফাংশন সার্বিক ফাংশন কিন্তু সকল সার্বিক ফাংশন এক-এক নয়।

৫৪. $f(x) = \{(x, y) \in \mathbb{R}^2 : y = \sqrt{x}\}$ হলে —

[ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

- i. F ফাংশন নয়।
ii. F এক-এক ফাংশন।
iii. F সার্বিক ফাংশন

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৫. f ফাংশনের অধীনে $f : A \rightarrow B$ কে এক-এক ফাংশন বলা হবে যদি —

- i. $f(x_1) = f(x_2) \Rightarrow x_1 = x_2$ হয় যেখানে $x_1, x_2 \in A$
ii. $f(x_1) = f(x_2) \Rightarrow x_1 \neq x_2$ হয় যেখানে $x_1, x_2 \in A$
iii. ভিন্ন ভিন্ন সদস্যের ছবি সর্বদা ভিন্ন ভিন্ন হয়।

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের অঙ্কের আলোকে (৫০-৫১) নং প্রশ্নের উত্তর দাও:

একটি ফাংশন $F(x) = \sqrt{1-x^2}$

৫০. ফাংশনটির ডোমেইন নিচের কোনটি? (কঠিন) [নবাবশাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাপাইনবাবগঞ্জ]

- (ক) $[0, 1]$ (খ) $[-1, 1]$ (গ) $[0, 1)$ (ঘ) $(-1, 1]$

৫১. ব্যাখ্যা: $F(x) = \sqrt{1-x^2}$ এর $1-x^2 \geq 0$ হবে।

$$\therefore 1 \geq x^2 \Rightarrow -1 \leq x \leq 1 \Rightarrow x = [-1, 1]$$

৫১. নিচের কোন শর্তের জন্য f ফাংশনটি এক-এক হবে? (কঠিন) [নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ]

- (ক) $f: [0, 1] \rightarrow [0, 1]$ (খ) $f: [0, 1) \rightarrow [0, 1]$
(গ) $f: (0, 1] \rightarrow (0, 1]$ (ঘ) $f: (0, 1) \rightarrow (0, 1)$

নিচের ভেদের আলোকে (৫২-৫৪) নং প্রশ্নের উত্তর দাও:

$$f(x) = 3x + 1, 0 \leq x \leq 2 \text{ হলে}$$

৫২. ফাংশনটি কোন ধরনের? (মধ্যম)

- (ক) এক-এক (খ) ধ্রুবক (গ) দ্বি-ঘাত (ঘ) ফাংশন নয়

৫৩. f^{-1} = কত? (মধ্যম)

- (ক) $\frac{1}{3}(y+1)$ (খ) $\frac{1}{3}(x-1)$ (গ) $\frac{x+1}{3}$ (ঘ) $\frac{3x+1}{y}$

৫৪. f এর রেঞ্জ কত? (কঠিন)

- (ক) $R = \{y : 1 \geq y \geq 7\}$ (খ) $R = \{y : 1 \leq y \geq 7\}$
(গ) $R = \{y : 1 \leq y \leq 7\}$ (ঘ) $R = \{y : 1 \leq y = 7\}$

★★★ সার্বিক ফাংশন বা অনটু ফাংশন | Text পৃষ্ঠা-৩১

• একটি ফাংশন $f: A \rightarrow B$ সার্বিক বা অনটু ফাংশন হবে যদি $f(A) = B$ হয়।


৫৫. যদি $f: A = \{1, 2, 3\} \rightarrow B = \{5, 7, 9\}$ কে $y = 2x + 3$ দ্বারা সংজ্ঞায়িত করা যায়, তবে f কোন ধরনের ফাংশন? (মধ্যম)

- (ক) সার্বিক (খ) বিপরীত
(গ) ধ্রুবক (ঘ) ফাংশন নয়

৫৬. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ একটি ফাংশন হলে নিচের কোন ফাংশনটি এক-এক এবং সার্বিক? (কঠিন)

- (ক) $f(x) = x^2$ (খ) $f(x) = |x|$
(গ) $f(x) = x^4$ (ঘ) $f(x) = ax + b$

৫৭. নিচের কোনটি সার্বিক ফাংশন? (মধ্যম)



৫৮. $f: A \rightarrow B$ সার্বিক ফাংশন হলে—

- i. $f(A) = B$
ii. f ফাংশনটি এক-এক ফাংশন
iii. প্রত্যেক $b \in B$ এর জন্য একটি $a \in A$ পাওয়া যাবে।
নিচের কোনটি সঠিক? (মধ্যম)
- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৯. $f(x) = x^2$ ফাংশনের অধীনে $f: A \rightarrow B$ হলে—

- i. ফাংশনটি এক-এক ফাংশন
ii. ফাংশনটি সার্বিক ফাংশন
iii. ফাংশনটির রেঞ্জ $R_+ \cup \{0\}$
নিচের কোনটি সঠিক? (সহজ)
- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬০. যদি $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ কে $f(x) = x^2 + 7$ দ্বারা সংজ্ঞায়িত করা হয়, তাহলে ফাংশন f —

- i. এক-এক।
ii. সার্বিক।
iii. f^{-1} বিদ্যমান।
নিচের কোনটি সঠিক? (কঠিন)
- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

★★★ বিপরীত ফাংশন | Text পৃষ্ঠা-৩৪

- একটি ফাংশন এক-এক ও সার্বিক হলে, ফাংশনের বিপরীত ফাংশন পাওয়া যায়।
- $f: A \rightarrow B$ একটি এক-এক ও সার্বিক ফাংশন হলে বিপরীত ফাংশন $f^{-1}: B \rightarrow A$ অর্থাৎ B সেটের প্রত্যেক উপাদানের জন্য A সেটে একটি এবং বোঝানো একটি উপাদান পাওয়া যায়।

৬১. $f(x) = \frac{x}{x-2}, x \neq 2$ হলে $f^{-1}(2)$ এর মান কত? (মধ্যম)

[ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ; রাঙামাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাঙামাটি; রাজশাহী গভা? ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]

- (ক) 4 (খ) 2 (গ) 1 (ঘ) 0

ব্যাখ্যা: বিপরীত ফাংশনের ডোমেন মূল ফাংশনের রেঞ্জ হবে

$$\therefore 2 = \frac{x}{x-2} \Rightarrow 2x - 4 = x$$

$$\Rightarrow 2x - x = 4$$

$$\Rightarrow x = 4$$

$$\text{অর্থাৎ, } f^{-1}(2) = 4.$$

৬২. $f(x) = \frac{3}{x-1}, x \neq 1$ হলে, $f^{-1}(3)$ এর মান কত? (মধ্যম)

- (ক) 2 (খ) 3
(গ) 5 (ঘ) 6

৬৩. $f(x) = x + 5$ এবং $g(x) = x - 5$ হলে $f(g(x))$ সমান কত? (সহজ)

[ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ; রাঙামাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাঙামাটি; ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, পার্বতীপুর, দিনাজপুর।]

- (ক) $2x$ (খ) x (গ) 10 (ঘ) 0.

ব্যাখ্যা: $f(g(x)) = f(x-5) = (x-5) + 5 = x.$

৬৪. $f(x) = x + 1$ হলে $f^{-1}(x) = x - 1$; এখন x এর কোন মানের জন্য $4f^{-1}(x) = f(x)$? (মধ্যম)

- (ক) $\frac{5}{3}$ (খ) $\frac{3}{4}$ (গ) $\frac{3}{5}$ (ঘ) $\frac{3}{7}$

৬৫. $f(x) = x + 1$ এবং $g(x) = x - 1$ হলে, $f(g(x)) =$ কত? (মধ্যম)

- (ক) 0 (খ) 1 (গ) x (ঘ) x^2

ব্যাখ্যা: $f(g(x)) = f(x-1) = x-1+1 = x$

৬৬. $f^{-1}(y) = x$ কোন বিপরীত ফাংশন হলে—

- i. f ফাংশনটি এক-এক ফাংশন
ii. $b = f(a) \Leftrightarrow a = f^{-1}(b)$
iii. f ফাংশনটি সার্বিক ফাংশন।

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬৭. $f: \{1, 2, 3, 4\} \rightarrow \mathbb{R}$ যেখানে $f(x) = 2x + 1$, তবে ফাংশন f —

- i. এক-এক।
ii. সার্বিক নয়।
iii. ধ্রুবক।

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬৮. যদি $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ এবং $g: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ ফাংশন হয় $f(x) = x^3 + 5$ এবং

$$g(x) = (x-5)^{\frac{1}{3}}$$

দ্বারা সংজ্ঞায়িত হয়, তবে ফাংশন দুইটি—

- i. এক-এক ফাংশন।
ii. সার্বিক ফাংশন।
iii. $g = f^{-1}$ ।

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬৯. $f: A \rightarrow B$ এবং $g: B \rightarrow A$ হলে—

- $g = f^{-1}$
- $f(g(x)) = g(f(x)) = x$
- $f(x) \in B$ এবং $g(x) \in A$.

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭০. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ ফাংশনটি $f(x) = x^3 - 5$ দ্বারা সংজ্ঞায়িত হলে

- f এক-এক ফাংশন
- f সার্বিক ফাংশন
- f বিপরীত ফাংশন

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অঙ্কের আলোকে (৭১-৭৩) নং প্রশ্নের উত্তর দাও:

$$f: \mathbb{R} \rightarrow \mathbb{R} \text{ যেখানে } f(x) = \frac{4x-9}{x-2}$$

৭১. $f(1) =$ কত? (সহজ)

- ক) 4 খ) 5 গ) 6 ঘ) 7

৭২. $f^{-1}(1) =$ কত? (মধ্যম)

- ক) $\frac{5}{3}$ খ) $\frac{7}{3}$ গ) $\frac{8}{3}$ ঘ) $\frac{10}{3}$

৭৩. $f\left(\frac{7}{3}\right) + f^{-1}(1) =$ কত? (সহজ)

- ক) $\frac{10}{3}$ খ) $\frac{17}{3}$ গ) $\frac{19}{3}$ ঘ) $\frac{22}{3}$

নিচের নিচের অঙ্কের আলোকে (৭৪-৭৭) নং প্রশ্নের উত্তর দাও:

$$f: \mathbb{R} \rightarrow \mathbb{R} \text{ ফাংশনটি } f(x) = x^2 - x - 2 \text{ দ্বারা সংজ্ঞায়িত।}$$

৭৪. $f^{-1}(x)$ এর মান কোনটি? (কঠিন)

- ক) $\sqrt{x+\frac{9}{4}} - \frac{1}{2}$ খ) $\sqrt{x+\frac{9}{4}} + \frac{1}{2}$
 গ) $\sqrt{x-\frac{9}{4}} + \frac{1}{2}$ ঘ) $\sqrt{x-\frac{9}{4}} - \frac{1}{2}$

৭৫. ব্যাখ্যা: ধরি, $y = f(x) = x^2 - x - 2 = x^2 - 2 \cdot \frac{1}{2}x + \frac{1}{4} - \frac{1}{4} - 2$

$$\text{বা, } y + \frac{9}{4} = \left(x - \frac{1}{2}\right)^2 \Rightarrow x = \pm \sqrt{y + \frac{9}{4}} + \frac{1}{2}$$

$$\therefore f^{-1}(x) = \sqrt{x + \frac{9}{4}} + \frac{1}{2}$$

৭৬. $f^{-1}(\{0\}) = ?$ (কঠিন)

- ক) 0 খ) $\frac{3}{2}$ গ) 2 ঘ) 3

৭৭. ব্যাখ্যা: $f^{-1}(\{0\}) = \sqrt{0 + \frac{9}{4}} + \frac{1}{2} = \frac{3}{2} + \frac{1}{2} = \frac{4}{2} = 2$

৭৮. $f^{-1}([-2, 0]) = ?$ (কঠিন)

- ক) (1, 2) খ) (1, 2] গ) [1, 2) ঘ) [1, 2]

৭৯. ব্যাখ্যা: $f^{-1}(x) = \sqrt{x + \frac{9}{4}} + \frac{1}{2}$

$$\therefore f^{-1}(-2) = \sqrt{-2 + \frac{9}{4}} + \frac{1}{2} = \frac{1}{2} + \frac{1}{2} = 1$$

$$f^{-1}(-1) = \sqrt{-1 + \frac{9}{4}} + \frac{1}{2} = \frac{\sqrt{5}}{2} + \frac{1}{2} = \frac{\sqrt{5}+1}{2}$$

$$f^{-1}(0) = 2$$

১০০. x -এর কোন মানের জন্য $f^{-1}(x) = 0$ হবে? (মধ্যম)

- ক) -2 খ) $\frac{3}{2}$ গ) $-\frac{3}{2}$ ঘ) $-\frac{1}{2}$

১০১. ব্যাখ্যা: $f^{-1}(x) = 0 \Rightarrow \sqrt{x + \frac{9}{4}} + \frac{1}{2} = 0$

$$\Rightarrow x + \frac{9}{4} = \left(-\frac{1}{2}\right)^2 \Rightarrow x = \frac{1}{4} - \frac{9}{4} = \frac{-8}{4} = -2$$

★★★ অর ও ফাংশনের লেখচিত্র | Text পৃষ্ঠা-৩৬

- সরলরৈখিক ফাংশনের সাধারণ রূপ $f(x) = mx + b$ [m হলো ঢাল, y অক্ষের ছেদক b]
- দ্বিঘাত ফাংশনের সাধারণ রূপ $y = ax^2 + bx + c$ যেখানে a, b এবং c বাস্তব সংখ্যা এবং $a \neq 0$
- বৃত্তের সমীকরণ: $(x-p)^2 + (y-q)^2 = r^2$ [কেন্দ্র (p, q) ও ব্যাসার্ধ = r] এখানে p, q, r ধ্রুবক এবং $r \neq 0$
- কেন্দ্র (0, 0) ও ব্যাসার্ধ r হলে বৃত্তের সমীকরণ: $x^2 + y^2 = r^2$
- সরলরৈখিক ফাংশনের লেখচিত্র সর্বদা সরলরেখা, দ্বিঘাত ফাংশনের লেখচিত্র বক্ররেখা ও বৃত্তের লেখচিত্র হচ্ছে বৃত্তাকার পথ।

৭৮. $S = \{(1, 5), (2, 10), (3, 15), (4, 20)\}$ অঙ্কের লেখচিত্র কী রূপ হবে? (মধ্যম)

- ক) সরল রৈখিক খ) বক্ররেখা গ) পরাবৃত্ত ঘ) বৃত্ত

৭৯. ব্যাখ্যা: ধরি, $y = mx + c$

$$\therefore 5 = m + c \text{ যখন } x=1, y=5$$

$$10 = 2m + c \text{ যখন } x=2, y=10$$

$$\therefore m=5, 2c+3m=15 \Rightarrow 2c+3 \times 5=15 \Rightarrow c=0$$

$$\therefore y=5x, \text{ যা সরল রৈখিক।}$$

১০০. $L = \{(x, y) : x + y = 3\}$ অঙ্কের লেখচিত্রটি কী? (সহজ)

- ক) সরলরেখা খ) বৃত্ত গ) উপবৃত্ত ঘ) পরাবৃত্ত

১০১. $y = 2x$ ফাংশনের লেখচিত্র কী রূপ হবে? (সহজ)

- ক) সরলরৈখিক খ) বৃত্তাকার গ) বৃত্তাকার ঘ) উপবৃত্তাকার


১০২. $f(x) = 2x + 4$ সরলরেখার ঢাল কত? (সহজ)

- ক) -2 খ) 0 গ) 2 ঘ) 4

১০৩. ব্যাখ্যা: x এর সহগ 2 তাই ঢাল 2 হবে।

১০৪. PQ সরলরেখাটি y-অক্ষের

কত একক ছেদ করেছে? (মধ্যম)



- ক) -2 খ) 0 গ) 2 ঘ) 3

১০৫. একটি দ্বিঘাত ফাংশন $y = ax^2 + bx + c$ যেখানে a, b, c $\in \mathbb{R}$ এবং $a \neq 0$ ফাংশনটির লেখচিত্র কী রূপ? (মধ্যম)

- ক) বৃত্ত খ) উপবৃত্ত গ) পরাবৃত্ত ঘ) অধিবৃত্ত

১০৬. $y = x^2 + 4x + 1$ ফাংশনের লেখচিত্র কী রূপ? (মধ্যম)

- ক) সরলরেখা খ) পরাবৃত্ত গ) বৃত্ত ঘ) বক্ররেখা

১০৭. ব্যাখ্যা: $y = x^2 + 4x + 1$ যা $y = ax^2 + bx + c$ আকারের।

১০৮. $S = \{(x, y) : (x-p)^2 + (y-q)^2 = r^2\}$ অঙ্কের লেখচিত্র একটি বৃত্ত হলে কেন্দ্রের স্থানাঙ্ক নিচের কোনটি? (সহজ)

- ক) (p, q) খ) (-p, -q) গ) (p, q) ঘ) (-p, q)

১০৯. $y = x^2 - 4x - 1$ ফাংশনের লেখচিত্র—

- পরাবৃত্ত আকার।
- y অক্ষের সমান্তরাল রেখা বা y অক্ষ বরাবর প্রতিসাম্য বিন্দু পাওয়া যাবে।
- একটি বিন্দুতে ফাংশনটির মান ক্ষুদ্রতম বা বৃহত্তম হয়।

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১০. $f(x) = \frac{4}{3}x + 2$ ফাংশনের লেখচিত্রটি—

- মূলবিন্দুগামী
- x ও y অক্ষদ্বয়কে ছেদ করে।
- সরল রৈখিক

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮৮. $S = \{(x, y) : x = -2\}$ হলে— [রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী]

- S অক্ষের লেখচিত্র সরলরেখিক
- লেখচিত্রটি y অক্ষের সমান্তরাল
- S অক্ষের রেঞ্জ R

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের অক্ষের আলোকে (৮৯-৯১) নং প্রশ্নের উত্তর দাও:

$$S = \{(x, y) : x^2 + y^2 = 9\}$$

৮৯. S অক্ষের লেখচিত্র কী ধরনের? (সহজ)

- (ক) সরলরেখা (খ) পরাবৃত্ত
(গ) বৃত্ত (ঘ) অধিবৃত্ত

৯০. S অক্ষের বর্ণিত সমীকরণের কেন্দ্রের স্থানাঙ্ক কত? (সহজ) [রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী]

- (ক) (0, 1) (খ) (0, -1) (গ) (1, 1) (ঘ) (0, 0)

৯১. অক্ষটির লেখচিত্রের ব্যাসার্ধ কত? (সহজ) [রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী]

- (ক) 2 (খ) 3 (গ) 4 (ঘ) 9

নিচের অক্ষের আলোকে (৯২-৯৫) নং প্রশ্নের উত্তর দাও:

$f(x)$ একটি ফাংশন যা $y = x^2 - 4x + 6$ সমীকরণ দ্বারা বর্ণিত।

৯২. ফাংশনটির প্রকৃতি কিরূপ? (সহজ)

- (ক) সরলরেখিক ফাংশন (খ) দ্বিঘাত ফাংশন
(গ) বৃত্তীয় ফাংশন (ঘ) মূল বিন্দুগামী ফাংশন

৯৩. ফাংশনটির লেখচিত্রের আকার কিরূপ? (সহজ)

- (ক) বৃত্ত (খ) পরাবৃত্ত (গ) উপবৃত্ত (ঘ) অধিবৃত্ত

৯৪. ব্যাখ্যা: পরাবৃত্তের সাধারণ সমীকরণ, $y^2 = 4ax$

$$\therefore y = x^2 - 4 + 4x + 6 \Rightarrow y = x^2 - 2.2x + 4 - 6 = (x - 2)^2 + 2$$

$$\Rightarrow (x - 2)^2 = 4 \cdot \frac{1}{4} (y - 2)$$

৯৫. ফাংশনটির প্রতিসাম্য বিন্দু কোন অক্ষ বরাবর? (সহজ)

- (ক) ধনাত্মক x-অক্ষ (খ) ধনাত্মক y-অক্ষ
(গ) ধনাত্মক x-অক্ষ (ঘ) ঋণাত্মক y-অক্ষ

৯৫. ফাংশনটি y অক্ষকে ছেদ করে কোন বিন্দুতে? (সহজ)

- (ক) (0, 6) (খ) (6, 0) (গ) (2, 2) (ঘ) (0, 2)


৯৬. ব্যাখ্যা: y অক্ষে $x = 0$.

$$\therefore (0 - 2)^2 = y - 2$$

$$\Rightarrow y = 6.$$

নিচের অক্ষের ভিত্তিতে (৯৬-৯৭) নং প্রশ্নের উত্তর দাও:

$y = ax^2 + bx + c$ এর লেখচিত্রটি লেখচিত্রে দেখানো হয়েছে।



৯৬. লেখচিত্র কী ধরনের? (সহজ)

